# অভিবাসী কর্মীদের জন্য নির্দেশিকা



MINISTRY OF MANPOWER

# বিষয়বস্তু


| | পৃষ্ঠা |
|---|---|
| সিঙ্গাপুরে স্বাগতম | 01 |
| সিঙ্গাপুরে বসবাস | 02 |
| সিঙ্গাপুরে বসবাস ও চলাফেরা | 06 |
| সিঙ্গাপুরে কাজ করা | 08 |
| চাকুরী সংক্রান্ত অধিকারসমূহ | 12 |
| চাকুরী সংক্রান্ত আইনকানুন | 20 |
| আইনগতভাবে একজন নিয়োগকারীর বাধ্যবাধকতাসমূহ | 24 |
| চাকরি সংক্রান্ত প্রতারণা | 27 |
| নিরাপত্তা | 27 |
| মেডিকেল চিকিৎসার সন্ধান করা | 30 |
| সিঙ্গাপুরের আইন | 34 |
| আর্থিক বিষয়াদি | 38 |
| গুরুত্বপূর্ণ টেলিফোন নম্বরসমূহ | 42 |
| COVID-19 সম্পর্কিত তথ্য | 44 |




এই সহজ নির্দেশিকায় থাকা তথ্যাদি মুদ্রণকালে সঠিক ছিল। আরও তথ্যের জন্য www.mom.gov.sg দেখুন।

# সিঙ্গাপুরে স্বাগতম

সিঙ্গাপুরে স্বাগতম! এই নির্দেশিকা থেকে এমনসব তথ্যাদি পাবেন যা আপনাকে আপনার নতুন কর্মস্থল ও বসবাসের পরিবেশের সাথে খাপ খাইয়ে নিতে সহায়তা করবে। এটা গুরুত্বপূর্ণ যে আপনি আপনার চাকুরীর অধিকার ও দায়দায়িত্ব সম্পর্কে জানেন এবং সিঙ্গাপুরের আইন মেনে চলেন।

আপনি যদি চাকরি সংক্রান্ত কোনো সমস্যার সম্মুখীন হন তাহলে, নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে আপনার অবিলম্বে সহায়তা চাওয়া উচিত:

**মিনিস্ট্রি অফ ম্যানপাওয়ার (MOM)**

**টেলিফোন: 6438 5122**

জনশক্তি মন্ত্রণালয়
পরিষেবা কেন্দ্র
1500 Bendemeer Road
Singapore 339946

সহায়তার জন্য আপনি আপনার ডর্মিটরিতে FAST টিমের অফিসারদের সাথেও যোগাযোগ করতে পারেন।

**মাইগ্রেন্ট ওয়ার্কারস সেন্টার (MWC)**

**টেলিফোন: 6536 2692**




579 Serangoon Road
Singapore 218193

51 Soon Lee Road
Singapore 628088

আপনার সিঙ্গাপুরের মোবাইল নম্বর সম্পর্কে MOM-কে জানানোর জন্য নীচের লিঙ্ক বা QR কোডটি ব্যবহার করুন। এটি আপনার সিঙ্গাপুরে অবস্থানকালে MOM-কে আপনার কর্মসংস্থান সম্পর্কিত বিষয়ে আপডেট করতে সক্ষম করবে।

আপনার মোবাইল নম্বরটি আমাদের সাথে শেয়ার করুন:
**www.mom.gov.sg/update_contact_details**



# সিঙ্গাপুরে বসবাস

## সিঙ্গাপুর সম্পর্কে

সিঙ্গাপুর বিভিন্ন জাতি, ধর্ম এবং ভাষা নিয়ে গঠিত একটি বহুজাতিক ও বহু-সংস্কৃতির দেশ। পরস্পরের ভিন্নতা বোঝা ও সেটিকে সম্মান করা এবং একসাথে মিলেমিশে বসবাস করা ও কাজ করা গুরুত্বপূর্ণ।

## সিঙ্গাপুরের ধর্মসমূহ

সিঙ্গাপুরে বৌদ্ধ, খ্রিস্টান, ইসলাম, হিন্দু ধর্ম এবং তাও ধর্মের মতো বেশ কয়েকটি ধর্ম প্রচলিত রয়েছে। অন্যের ধর্মীয় অনুশীলনের প্রতি সম্মান বজায় রেখে প্রত্যেকেই স্বাধীনভাবে তাদের ধর্ম পালন করতে পারে। আপনি নির্ধারিত উপাসনালয় যেমন মন্দির, গীর্জা এবং মসজিদে প্রার্থনা করতে পারেন।

## স্থানীয় সামাজিক রীতিনীতি

সিঙ্গাপুরে থাকাকালীন আপনার উচিত স্থানীয় সামাজিক রীতিনীতির সাথে পরিচিত হওয়া। আপনার দেশে যা গ্রহণযোগ্য সিঙ্গাপুরে তা গ্রহণযোগ্য না-ও হতে পারে।

## আপনাকে পথনির্দেশ করতে নিচে কিছু পরামর্শ দেওয়া হলো:

### জনসাধারণের মাঝে ভাল আচরণ

- মারামারি করবেন না।
- বাস স্টপ, ব্লকের নীচের তলায়, পাবলিক বেঞ্চ, পার্ক বা ওভারহেড ব্রিজের মতো জনসমাগমের স্থানে ঘুমাবেন না।
- রাতের বেলায় উচ্চস্বরে কথা বলবেন না বা জোরে গান বাজাবেন না।
- পানীয় গ্রহণ করার জন্য হাউজিং ব্লকের নীচের তলায় বড় দল আকারে ভিড় করবেন না।
- থুতু বা জঞ্জাল ফেলবেন না।
- উন্মুক্ত স্থানগুলোতে জামা ছাড়া অবস্থায় চলাফেরা করবেন না।

### ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা

অসুস্থতা এবং সংক্রমণের ঝুঁকি হ্রাস করতে এবং আপনার সামগ্রিক স্বাস্থ্যের উন্নতি ঘটাতে নিজেকে পরিষ্কার রাখা গুরুত্বপূর্ণ।

- গোসল করুন এবং আপনার চুল ধৌত করুন
- দাঁত ব্রাশ করুন
- আপনার কাপড় ধুয়ে নিন
- সাবান দিয়ে নিয়মিতভাবে আপনার হাত ধৌত করুন।

## হাত ধোয়ার ৪টি ধাপ




আপনার হাতের তালু ধৌত করুন




প্রতিটি আঙ্গুল ও আঙ্গুলের মধ্যবর্তী স্থানগুলো মেজে নিন




হাতের পেছনের অংশ ও আঙ্গুলের মধ্যবর্তী স্থানগুলো ঘষুন




বৃদ্ধাঙ্গুলির গোঁড়া ঘষুন




আঙ্গুলের পেছনে




আপনার নখগুলো হাতের তালুতে মেজে নিন




আপনার কব্জি ধৌত করুন




শুকনো তোয়ালে বা টিস্যু দিয়ে হাত শুকিয়ে নিন

## স্বাস্থ্যের অবস্থা পর্যবেক্ষণ

আপনার স্বাস্থ্যের অবস্থা পর্যবেক্ষণ করার জন্য বিনামূল্যে **FWMOMCare,** মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন। যারা অসুস্থ তারা 24/7 টেলিমেডিসিন পরিষেবার মাধ্যমে দ্রুত চিকিৎসাসেবাও পাবেন।


Download on the App Store

GET IT ON Google Play


আপনার ডর্মিটরিতে প্রদর্শিত কিউআর কোডটি স্ক্যান করতে 'Safe@Home' ফাংশনটি ব্যবহার করুন এবং আপনি প্রতিদিন কাজের জন্য বের হওয়ার সময় ও কাজ থেকে ফিরে আসার পর আপনার অবস্থান রিপোর্ট করুন।

আপনার মোবাইল নম্বরটি হালনাগাদ রাখা নিশ্চিত করতে 'My Profile' পরখ করুন।


## পানি বাঁচান




দাঁত ব্রাশ করার সময় ট্যাপ ছেড়ে রাখবেন না, একটি মগ ব্যবহার করুন।



খোলা ট্যাপের নীচে থালাবাসন এবং কাপড় ধোবেন না; একটি পানি ভরা পাত্র ব্যবহার করুন।




পানি অপচয় করবেন না।



গোসল করার সময় ট্যাপ ছেড়ে রাখবেন না; গোসলের সময় 5 মিনিটের নিচে রাখুন।



ব্যবহার না করাকালীন সময় ট্যাপ বন্ধ করুন এবং কোনো লিক হলে জানান।



পানির কোনো ফিটিংয়ের ক্ষতিসাধন বা পরিবর্তন করবেন না।

## আপনার বিশ্রামের দিনে কোথায় যাবেন

আপনার অবসর সময়ে বিনোদন কেন্দ্রগুলিতে যেতে পারেন। সেখানে আপনার জন্য বিভিন্ন সুযোগসুবিধা ও ক্রিয়াকলাপের ব্যবস্থা রাখা আছে।

## বিনোদন কেন্দ্র

সিঙ্গাপুরজুড়ে আটটি বিনোদন কেন্দ্র রয়েছে। এগুলোতে ব্যাডমিন্টন/বাস্কেটবল কোর্ট, সকার এবং ক্রিকেট মাঠের মতো বিনামূল্যের ক্রীড়া সুবিধা প্রদান করা হয়। সুপারমার্কেটগুলোতে গিয়ে আপনি অর্থ প্রেরণ করতে পারেন, নাপিত পেতে পারেন, মুদি দ্রব্যাদি কিনতে পারেন, অথবা সেন্টারে খাবার খেতে পারেন।







নিচে বিনোদন কেন্দ্রগুলির বিবরণ দেওয়া হলো:

| বিনোদন কেন্দ্র (RC) | ঠিকানা |
|---|---|
| কোকরেন RC | 100 Sembawang Drive, Singapore 756998 |
| কাকি বুকিট RC | 7 Kaki Bukit Avenue 3, Singapore 415814 |
| ক্রাঞ্জি RC | 11 Kranji Road, Singapore 737673 |
| পেনজুরু RC | 27 Penjuru Walk, Singapore 608538 |
| সুন লি RC | 51 Soon Lee Road, Singapore 628088 |
| টেরুসান RC | 1 Jln Papan, Singapore 619392 |
| তুয়াস সাউথ RC | 10 Tuas South Street 13, Singapore 636937 |
| উডল্যান্ড RC | 200 Woodlands Industrial Park E7, Singapore 757177 |

## সিঙ্গাপুরের পানীয় মাদক আইন

আপনি যদি অ্যালকোহল পান করেন তাহলে আপনাকে অবশ্যই মাদক আইন সম্পর্কে জানতে হবে যেখানে বলা আছে আপনি কোথায় এবং কোন সময় পান করতে পারবেন এবং কোথায় অ্যালকোহল কিনতে পারবেন।

গেলাং এবং লিটল ইন্ডিয়ার মতো মাদক নিয়ন্ত্রণ অঞ্চল রয়েছে যেখানে ভিন্ন বিধিনিষেধ রয়েছে। আপনি গেলাং এবং লিটল ইন্ডিয়াতে কেবল কফি শপের মতো লাইসেন্সপ্রাপ্ত আউটলেটগুলোর মধ্যে অ্যালকোহল কিনতে ও পান করতে পারবেন। এই স্থানগুলোর বাইরে অ্যালকোহল পান করা আইনবিরুদ্ধ।

আপনাকে যদি নিষিদ্ধ সময়ে উন্মুক্ত স্থানে মদ্যপানরত অবস্থায় পাওয়া যায় তাহলে ব্যবস্থা নেওয়া হবে এবং আপনার ওয়ার্ক পারমিট বাতিল করা হবে।

মাদক আইন সম্পর্কিত তথ্যের জন্য, দয়া করে www.mha.gov.sg -এ যান

# সিঙ্গাপুরে বসবাস ও চলাফেরা

সিঙ্গাপুরে চলাফেরা করা সহজ। বিভিন্ন ধরনের পরিবহনগুলো নিম্নরূপ:

- বাস
- মাস র‍্যাপিড ট্রানসিট (MRT)
- লাইট রেল ট্রানসিট (LRT)
- ট্যাক্সি
- ভাড়ায় চালিত ব্যক্তিগত গাড়ি

## EZ-লিংক কার্ড

বাস, MRT বা LRT দিয়ে যাতায়াত করতে আপনার একটি ez-লিংক কার্ডের প্রয়োজন হবে যা MRT স্টেশন ও বাস ইন্টারচেঞ্জগুলোতে কেনা যায়। আপনার ez-লিংক কার্ড এতে মূল্য সঞ্চিত করবে। আপনি MRT স্টেশন ও বাস ইন্টারচেঞ্জগুলোতে অবস্থিত টিকিট মেশিনগুলোর মাধ্যমে আপনার কার্ড টপ করতে আপনার ব্যাঙ্কের ATM কার্ডের সাহায্যে টপ আপ করতে পারবেন। সহায়তার জন্য আপনি MRT স্টেশন বা বাস টার্মিনালের তথ্য কাউন্টারের কর্মীদের সাথে যোগাযোগ করতে পারেন।







*বাস স্টপ, MRT এবং LRT স্টেশনগুলোতে বাস ও ট্রেন রুটের বিশদ ও ভাড়ার বিবরণ প্রদর্শিত হয়।*

## গণ পরিবহনে ভাল আচরণ

বাস ও ট্রেনে ভ্রমণের সময় সহযাত্রীদের প্রতি সুবিবেচক হোন।

- বাসে বা ট্রেনে চড়ার জন্য লাইনে দাড়িয়ে অপেক্ষা করতে থাকুন
- আপনার আসনটি এমন কাউকে ছেড়ে দিন যার জন্য এটি বেশি প্রয়োজন, যেমন বয়স্ক যাত্রী।
- দাঁড়ানো অবস্থায় প্রয়োজনমাফিক সরে যান, প্রবেশদ্বারটি আটকাবেন না যাতে অন্যরা উঠতে ও নামতে পারে।
- আপনি ওঠার আগে অন্যদেরকে নামার জায়গা করে দিন।
- আপনার ব্যাগটি নীচে রাখুন যাতে অন্যরা চলাচলের জন্য আরও জায়গা পায়।

# সড়ক নিরাপত্তা

## নিরাপদ সাইক্লিং


আপনি যদি সাইকেল চালান তাহলে নিরাপদে চালান।



- সর্বদা বাইসাইকেলের পথে চলুন এবং অন্যান্য সাইকেল আরোহী বা পথচারীদের দিকে খেয়াল রাখুন।
- পথচারীদের ব্যাপারে সতর্ক হোন এবং ধীরে চালান। পথচারীদেরকে সতর্ক করতে, বিশেষত শেয়ার করা ফুটপাথগুলিতে আপনার সাইকেলের বেলটি দূর থেকেই বাজান।
- ট্রাফিক নিয়ম মেনে চলুন এবং রাস্তার পাশের দিকে থাকুন। রাস্তার মাঝখান দিয়ে অথবা সামনের দিক থেকে আসা যানবাহনের বিপরীতে সাইকেল চালাবেন না।
- সাইকেল চালানোর সময়, অনুমোদিত পার্কিং বে-তে আপনার বাইসাইকেল পার্ক করুন। রাস্তা বা ফুটপাথের মাঝখানে আপনার সাইকেলটি রেখে যাবেন না, কারণ এতে যানবাহন চালক ও পথচারীরা বাধাপ্রাপ্ত হবে।

## সড়ক নিরাপত্তা

রাস্তায় চলাকালীন সময়ে নিরাপদ থাকা জরুরী।



- ট্রাফিক আইন মেনে চলুন। বেপরোয়াভাবে রাস্তায় পার হবেন না। সর্বদা ট্রাফিক লাইট দেখে রাস্তা পার হোন।
- ট্রাফিক লাইট সবুজ হলে রাস্তা পার হোন।
- রাস্তার অপর পাশে নিরাপদে যাওয়ার জন্য পথচারী ক্রসিং, ওভারহেড ব্রিজ বা আন্ডারপাস ব্যবহার করুন।
- গাড়ি চালানোর সময়, পথচারীদেরকে যেতে দিন এবং রাস্তার মুখে, মোড়ে বা পথচারী ক্রসিংয়ের কাছে যাওয়ার সময় গতি কমান।

## লরিতে ভ্রমণের সময়

আপনার নিয়োগকর্তা আপনার ডরমেটরি থেকে আপনার কাজের জায়গায় যাতায়াতের জন্য পরিবহন সরবরাহ করতে পারে। তবে, আপনাকে কোনো বিপজ্জনক পরিস্থিতিতে যেমন একটি জনাকীর্ণ লরিতে ওঠানো হয়, তাহলে দয়া করে আপনার নিয়োগকর্তাকে জানান। আপনার সুরক্ষা গুরুত্বপূর্ণ। আপনার নিয়োগকর্তা যদি আপনাকে সহায়তা করতে রাজি না হন তাহলে **1800-2255-582** নম্বরে ফোন করে ল্যান্ড ট্রান্সপোর্ট অথরিটি **(LTA)**-কে জানান।










# সিঙ্গাপুরে কাজ করা

সিঙ্গাপুরে কাজ করতে, আপনার অবশ্যই একটি বৈধ ওয়ার্ক পারমিট থাকতে হবে এবং ওয়ার্ক পারমিটের শর্তাবলী মেনে চলতে হবে।

## নীতিগত অনুমোদনের (IPA) চিঠি

আপনার নিজ দেশ ছেড়ে আসার আগে, আপনার নিয়োগকর্তা বা নিজ দেশের এজেন্টের কাছ থেকে আপনার স্থানীয় ভাষায় একটি নীতিগত অনুমোদনের (IPA) চিঠি (5 পৃষ্ঠার) পাবেন। IPA চিঠিটি MOM কর্তৃক জারিকৃত এবং এতে সিঙ্গাপুরে আপনার কর্মসংস্থান সম্পর্কিত তথ্য থাকবে। আপনার নিয়োগকর্তাকে আপনার IPA চিঠিতে বর্ণিত শর্তগুলি পূরণ করতে হবে এবং তিনি আপনার অনুমতি ব্যতীত শর্তগুলি পরিবর্তন করতে পারবেন না। আপনার IPA-তে নিচের বিষয়গুলো টুকে রাখুন।



FIWPS111Eb_W2 – IPA Work Permit 0 37357219 / 09 JAN 2021

EMPLOYEE'S COPY

MINISTRY OF MANPOWER

ALAGU THAVASU
C/O
A.D. PREFAB PTE LTD
19 TOH YI DRIVE
#01-119 TOH YI GARDENS
SINGAPORE 590019

14 Jan 2021

**Your application is approved**
**உங்கள் விண்ணப்பம் ஏற்றுக்கொள்ளப்பட்டது**

NAME OF FOREIGN WORKER
ALAGU THAVASU
WORK PERMIT NO.
0 37357219

Dear ALAGU THAVASU

Your application for a Work Permit has been approved in-principle. This letter is proof of this and you can:

- Use it as a visa to enter Singapore.
- Start work on the second day of your arrival.

**If you do not enter Singapore by 11 Apr 2021, this approval will expire.**

வேலை அனுமதிச்சீட்டுக்கான உங்கள் விண்ணப்பம் கொள்கை அளவில் ஏற்றுக்கொள்ளப்பட்டுள்ளது. அதற்கான சான்றே இந்தக் கடிதமாகும். மேலும், நீங்கள்:

- இதை சிங்கப்பூருக்குள் நுழைவதற்கான ஒரு விசாவாகப் பயன்படுத்த முடியும்
- சிங்கப்பூருக்கு வந்திறங்கிய மறுநாள் வேலையைத் தொடங்க முடியும்

**நீங்கள் சிங்கப்பூருக்குள் 11 Apr 2021 -க்குள் நுழையவில்லை எனில், இந்த அனுமதி காலாவதியாகிவிடும்.**

Before you leave home
நீங்கள் தாய்நாட்டிலிருந்து புறப்படுவதற்கு முன்னர்

Check your employment details on page 2.
பக்கம் 2-இல் வழங்கப்பட்டுள்ள உங்கள் வேலைவாய்ப்பு விவரங்களைச் சரிபார்க்கவும்.

Within 14 days of your arrival
நீங்கள் வந்துசேர்ந்த 14 நாட்களுக்குள்

The steps to receive your Work Permit card must be completed.
உங்களின் அசல் கல்விச் சான்றிதழ்கள் அல்லது திறன்களின் சான்றிதழ்கள் அனைத்தையும் கொண்டு வாருங்கள்.

Yours sincerely

Penny Han (Mrs)
Controller of Work Passes


IMPORTANT

Make sure this approval is still valid using www.mom.gov.sg > search for 'validity check' > click 'Work Permit Validity Check via Work Permit Online (Non-login)'.

இந்த ஒப்புதல் இன்னமும் செல்லுபடியாகிறதா என்பதை அறிய, www.mom.gov.sg > என்ற இணையத்தளத்தில் 'validity check' என்பதைத் தேடிக்கண்டறிந்து, 'Work Permit Validity Check via Work Permit Online (Non -login)' என்பதைக் கிளிக் செய்யவும்.

Ministry of Manpower Work Pass Division
Web http://www.mom.gov.sg Contact Us http://www.mom.gov.sg/contact Page 1 of 6

1 আপনার নাম ও ওয়ার্ক পার্মিট নম্বর



FIWPS111Eb_W2 – IPA Work Permit 0 37357219 / 09 JAN 2021

EMPLOYEE'S COPY

MINISTRY OF MANPOWER

SB Transmission Ref No:0545961

**Check your employment details**

If you find a problem, please contact your employer or employment agent.

உங்களுடைய வேலைவாய்ப்பு விவரங்களைச் சரிபார்க்கவும்

நீங்கள் ஒரு பிரச்சனையைக் கண்டறிந்தால், உங்களுடைய முதலாளியை அல்லது வேலைவாய்ப்பு நிறுவனத்தைத் தொடர்புகொள்ளுங்கள்.

| Your particulars | Your employment terms | Your salary info |
|---|---|---|
| Your name: ALAGU THAVASU | Housing provided: YES | Monthly salary [Basic monthly salary + Fixed allowances – All monthly deductions]: S$ 1300 |
| Date of birth / Sex: 15 JUL 1997 / MALE | Period of Work Permit: 1 YEAR(S) | Basic monthly salary: S$ 1300 |
| Nationality / Citizenship: INDIAN | Normal hours of work per week (excluding breaks): 44.0 | Fixed monthly allowances: S$ 0 |
| Passport number: P1307343 | Number of working days per week: 6.000 | Monthly housing, amenities and services deductions: S$ 0 |
| Work Permit number / FIN: 0 37357219 / G2921918X | Rate of pay overtime work: S$ 10.23 | Monthly deduction for others: S$ 0 |
| Date of application: 09 JAN 2021 | Daily basic rate of pay (for work on rest day/public holiday): S$ 50.00 | |
| Your employment info | | |
| Name of employer: A.D. PREFAB PTE LTD | | |
| Industry: CONSTRUCTION | | |
| Occupation: CONSTRUCTION WORKER | | |
| S'pore employment agency (EA): PO HOCK PTE LTD | | |
| Agency fee for S'pore EA (exclude fees for overseas expenses): S$ 0 | | |

**IMPORTANT**

Once you start work, your employer must give you a written copy of key employment terms within 14 days. It should state your job scope, working days and hours, basic monthly salary and terms such as deductions and leave entitlements.

Do not pay any fees for the $5000 security bond, levy, work permit application or renewal or cancellation, medical insurance or examinations, training courses and the cost of your journey home. These fees are to be paid by your employer.

Ministry of Manpower Work Pass Division

Page 2 of 6

২ আপনার নিয়োগকর্তার নাম


৩ আপনার পেশা

৪ আপনার সিঙ্গাপুরের এমপ্লয়মেন্ট এজেন্সি (EA) এবং আপনার সিঙ্গাপুর EA-কে প্রদেয় এজেন্সি ফি

৫ ওয়ার্ক পার্মিটের সময়কাল

৬ আপনার মাসিক মূল বেতন, মাসিক নির্ধারিত বেতন, মাসিক নির্ধারিত ভাতা এবং মাসিক কর্তন

৭ আবাসনের বিধান



FIWPS111Eb_W2 – IPA Work Permit 0 37357219 / 09 JAN 2021

EMPLOYEE'S COPY

MINISTRY OF MANPOWER

**Know your rights and responsibilities**

**உங்கள் உரிமைகளையும் பொறுப்புகளையும் தெரிந்துகொள்ளுங்கள்**

**You can only work in Singapore as a / an CONSTRUCTION WORKER for A.D. PREFAB PTE LTD.**

நீங்கள் A.D. PREFAB PTE LTD -க்காக CONSTRUCTION WORKER -ஆக மட்டுமே சிங்கப்பூரில் வேலைசெய்ய முடியும்.

**Your employer can reduce your monthly salary only if you agree.**
Do not sign on any documents if you do not agree. If your employer reduces your salary without your agreement, you should approach MOM.

நீங்கள் ஒப்புக்கொண்டால் மட்டுமே உங்கள் முதலாளியால் உங்கள் மாதாந்தரச் சம்பளத்தைக் குறைக்க முடியும்.
உங்களுக்கு ஒப்புதல் இல்லை என்றால், எந்த ஆவணத்திலும் கையொப்பமிடாதீர்கள். உங்கள் முதலாளி உங்களுடைய ஒப்புதல் இன்றி உங்கள் ஊதியத்தைக் குறைக்கிறார் எனில், நீங்கள் மனிதவள அமைச்சை (MOM) அணுக வேண்டும்.

**You or your employer can end your employment at any time with sufficient notice.**
If you go missing during employment, your employer can cancel your Work Permit. If you continue to be in Singapore, you may be fined, jailed or caned for overstaying.

போதுமான அறிவிப்பை வழங்குவதன் மூலம் நீங்களோ உங்கள் முதலாளியோ எந்த நேரத்திலும் உங்கள் வேலைவாய்ப்பை முடிவுக்குக் கொண்டுவரலாம்.
வேலைவாய்ப்பின் போது நீங்கள் காணாமல் போய்விட்டால், உங்கள் முதலாளி உங்கள் வேலை அனுமதிச்சீட்டை இரத்து செய்யலாம். நீங்கள் சிங்கப்பூரில் தொடர்ந்து இருந்தீர்களேயானால், அனுமதிக்கப்பட்ட காலத்திற்குமேல் சட்டவிரோதமாக தங்கியிருப்பதற்காக உங்களுக்கு அபராதம், சிறைத்தண்டனை அல்லது பிரம்படி விதிக்கப்படலாம்.

Ministry of Manpower Work Pass Division


Page 3 of 6

৮ আপনার IPA-তে উল্লিখিত পেশায় শুধুমাত্র কাজ করতে পারবেন

## ওয়ার্ক পারমিট

আপনাকে সবসময় আপনার ওয়ার্ক পারমিটটি কার্ডটি সাথে রাখতে হবে। আপনি যদি নিজের ওয়ার্ক পারমিট কার্ড না পেয়ে থাকেন তাহলে আপনার IPA চিঠিটি আপনার কাছে রাখুন।

MOM বা কোনো পাবলিক এজেন্সি দ্বারা পরিদর্শনকালে আপনাকে আপনার ওয়ার্ক পারমিটটি দেখাতে হবে।







## পাসপোর্ট

আপনার পাসপোর্ট আপনার ব্যক্তিগত সম্পত্তি আপনার নিয়োগের শর্ত হিসাবে আপনার নিয়োগকর্তা কোনোভাবেই এটি তার কাছে রেখে দিতে পারবেন না। আপনার নিয়োগকর্তা যদি আপনার পক্ষ থেকে আপনার পাসপোর্ট রাখেন তাহলে আপনি অনুরোধ জানানোর সাথেসাথে তা অবশ্যই আপনাকে ফিরিয়ে দিতে হবে।




### সহায়তা নিন

যদি আপনার নিয়োগকর্তা আপনার অনুমতি ব্যতীত আপনার বেতন হ্রাস করেন, আপনার অনুরোধ সত্ত্বেও আপনার পাসপোর্ট বা ওয়ার্ক পারমিট আপনার কাছে ফেরত না দেন, তাহলে যত দ্রুত সম্ভব 6438 5122 নম্বরে কল করে MOM-কে জানান, অথবা, 1500 Bendemeer Road, Singapore 339946-এ অবস্থিত MOM পরিষেবা কেন্দ্রে যান।

# চাকুরী সংক্রান্ত অধিকারসমূহ

## সিঙ্গাপুরে বসবাস ও কাজ করা

আপনার নিয়োগকর্তা আপনাকে লিখিতভাবে চাকরির একগুচ্ছ মূল শর্তাদি (KET) প্রদান করবেন। KET-গুলোতে অবশ্যই আপনার সম্মত হওয়া চাকরির শর্তাদি এবং শর্তাদি সম্পর্কিত তথ্য থাকতে হবে:


- বেতন, বেতন প্রদানের তারিখ এবং ওভারটাইম বেতন প্রাপ্তির অধিকার
- কাজের বন্দোবস্ত যেমন কাজের সময় এবং বিশ্রামের দিন
- বেতন সহ ছুটির অধিকার (বার্ষিক ছুটি, অসুস্থতাজনিত ছুটি এবং সরকারী ছুটির দিন সহ) এবং চিকিত্সা সুবিধাদি

নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে আপনার যদি কোনো উদ্বেগ থাকে তাহলে দয়া করে MOM বা বিবাদ নিষ্পত্তি ত্রিপক্ষীয় জোট (TADM)-কে যত তাড়াতাড়ি সম্ভব জানান। TADM MOM সার্ভিসেস সেন্টারে অবস্থিত।

### (a) বেতন পরিশোধ/ওভারটাইম বেতন



1 সিঙ্গাপুরে আপনাকে একটি ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্ট খুলতে হবে এবং আপনার নিয়োগকর্তাকে আপনার বেতন ব্যাংক অ্যাকাউন্টে জমা করে দেওয়ার জন্য অনুরোধ জানাতে হবে। এটি আপনার নিয়োগকর্তার সাথে আপনার যেকোনো অর্থ পরিশোধ সংক্রান্ত বিরোধকে হ্রাস করবে। আপনার অনুরোধ সাপেক্ষে আপনার নিয়োগকর্তা আপনার ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি স্থানান্তরের মাধ্যমে আপনার বেতন প্রদান করবেন।





2 আপনার নিয়োগদাতা মাসে কমপক্ষে একবার আপনাকে বেতন দিবেন এবং তা বেতনের সময়কাল শেষ হওয়ার 7 দিনের মধ্যে। আপনার এবং আপনার নিয়োগকর্তার মধ্যে সম্মত হওয়া যেকোনো বেতন সময়কাল এক মাসের বেশি হওয়া চলবে না।



3 মাসজুড়ে আপনি যদি ওভারটাইম করে থাকেন তাহলে আপনার নিয়োগকর্তাকে মাসে কমপক্ষে একবার যেকোনো ওভারটাইমের জন্য বেতন দিতে হবে এবং তা বেতনের সময়কাল শেষ হওয়ার 14 দিনের মধ্যে।



4 আপনার নিয়োগকর্তা আপনার লিখিত সম্মতি ব্যতিরেকে আপনার IPA চিঠিতে বর্ণিত পরিমাণ থেকে আপনার মূল বেতন, নির্ধারিত ভাতা হ্রাস করতে অথবা বর্ণিত কর্তন বৃদ্ধি করতে পারবেন না।



5 কেবলমাত্র আপনার সম্মতি সাপেক্ষে এবং আপনার নিয়োগকর্তা কর্তৃক নিচের কাজগুলি করা সাপেক্ষে আপনার বেতন পরিবর্তন করা যেতে পারে:

- লিখিতভাবে আপনার সম্মতি গ্রহণ
- MOM কে অবহিত করন
- সমন্বিত বেতনসহ আপনাকে আইটেমাইজড বেতন স্লিপ প্রদান করা



6 আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার বেতন স্লিপ প্রতিমাসে কমপক্ষে একবার এবং বেতন প্রদানের পরে 3 কার্যদিবসের মধ্যে দিতে হবে। বেতন স্লিপে অবশ্যই বেতন(সমূহ) পরিশোধ বিস্তারিত বিবরণ, যেমন মূল বেতন, ভাতা, কর্তন, সম্পাদিত ওভারটাইম ঘন্টা এবং ওভারটাইম বেতন অন্তর্ভুক্ত থাকতে হবে।

আপনাকে আইটেম অনুযায়ী বেতন স্লিপ এবং টাইম শিটের রেকর্ড রাখতে হবে।




7 এমন কোনো ফাঁকা নথি বা দলিলে স্বাক্ষর করবেন না যা আপনি বোঝেন নি বা যেটিতে সম্মতি প্রদান করেননি। আপনার নিয়োগকর্তা যদি আপনাকে কোনো ফাঁকা দলিল, যেমন পেমেন্ট ভাউচার বা পে-স্লিপে স্বাক্ষর করতে বলেন, তাহলে আপনার উচিত MOM-এর সাথে যোগাযোগ করা। সাধারণভাবে, যেসব কর্মচারী যথাশীঘ্র যোগাযোগ করেন না তাদের দাবিগুলো বৈধ বলে প্রমাণ করতে অসুবিধা হতে পারে।

## (b) বেতন কর্তন

- আপনার নিয়োগকারী আপনার বেতন থেকে কর্তন করতে পারবেন না। তারা কেবল তখনই তা করতে পারবেন যদি:




আপনি আপনার নিয়োগকর্তার সম্মতি ব্যতীত কাজ থেকে অনুপস্থিত থেকে থাকেন



আপনার নিয়োগকর্তা আপনার অনুরোধকৃত খাবারের জন্য অর্থ প্রদান করে থাকেন



আপনার নিয়োগকর্তা আপনি কর্তৃক গৃহীত আবাসন/থাকার ব্যবস্থা, সুযোগসুবিধা এবং পরিষেবার জন্য অর্থ প্রদান করে থাকেন




আপনার হাতে অর্পিত জিনিস বা অর্থ হারিয়ে গিয়ে থাকে বা ক্ষতিগ্রস্ত হয়ে থাকে (শুধুমাত্র এককালীন কর্তন প্রযোজ্য)



আপনি কর্তনের জন্য লিখিত সম্মতি প্রদান করেছেন (কর্তন করার আগে আপনি যেকোনো সময় আপনার সম্মতি বাতিল করার অধিকার রাখেন)

- যদি বেতন কর্তন করা হয়, আপনার নিয়োগকর্তা কোনো একক বেতন সময়কালে আপনার মোট বেতনের 50% এর বেশি কর্তন করতে পারবেন না। এর মধ্যে নিচের বিষয়গুলোর জন্য করা কর্তনগুলো অন্তর্ভুক্ত নয়:

- আপনার কাজে অনুপস্থিতি
- আপনার বেতনের অগ্রিম, ঋণ অথবা অতিরিক্ত পরিশোধ আদায় করা
- আপনার লিখিত সম্মতি প্রদত্ত কোনো সমবায় সমিতিকে অর্থ প্রদান করা

## (c) কর্মঘণ্টা ও ওভারটাইম

- আপনার চুক্তিবদ্ধ কর্মঘণ্টা দৈনিক 8 ঘণ্টা বা সপ্তাহে 44 ঘণ্টার বেশি হতে পারবে না, যদি না আপনি শিফটে কাজ করে থাকেন। বিশ্রাম, চা ও খাবার জন্য অনুমোদিত বিরতি কর্মঘণ্টার মধ্যে অন্তর্ভুক্ত নেই। আপনার চুক্তিবদ্ধ কর্মঘণ্টার অতিরিক্ত সকল কাজই ওভারটাইম কাজ হিসেবে বিবেচনা করা হবে। ওভারটাইমের জন্য আপনি আপনার ঘণ্টাপ্রতি মূল বেতনের কমপক্ষে 1.5 গুণ বেতন দাবি করতে পারবেন।

- আপনি যদি শিফটে কাজ সম্পাদন করে থাকেন তাহলে সেই সম্মতিযুক্ত কাজের সময় 3 সপ্তাহজুড়ে প্রতি সপ্তাহে গড়ে 44 ঘন্টার বেশি হতে পারবে না। প্রতিদিনের সর্বোচ্চ কার্যদিবস 12 ঘন্টা, এবং প্রতি মাসে সর্বাধিক ওভারটাইম 72 ঘন্টা হবে।

- আপনার নিয়োগকর্তাকে অবশ্যই ওভারটাইম করা কাজের সময়ের হিসাব রাখতে হবে। আপনাকে আপনার নিয়োগকর্তার রেকর্ডটি যাচাই করা উচিত এবং কেবলমাত্র সঠিক হলেই তাতে স্বাক্ষর করা উচিত। আপনি যদি রেকর্ডটির সাথে একমত না হন, তাহলে আপনার নিয়োগকর্তার কাছ থেকে যথাশীঘ্র সম্ভব তা স্পষ্ট জেনে নিবেন এবং তাতে স্বাক্ষর করবেন না।

### আপনার ওভারটাইম বেতন হিসেব করার ধাপসমূহ:

**ধাপ 1** আপনার ঘণ্টাপ্রতি প্রদেয় মূল বেতন হিসেব করুন:

$$\frac{12 \times \text{মাসিক মূল বেতন}}{52 \times 44} = \text{ঘণ্টাপ্রতি প্রদেয় মূল বেতন}$$

**ধাপ 2** আপনার ওভারটাইমের ঘণ্টাপ্রতি প্রদেয় বেতন হিসেব করুন:

[ঘণ্টাপ্রতি প্রদেয় মূল বেতন] × [1.5] = আপনার ওভারটাইমের ঘণ্টাপ্রতি হার

**ধাপ 3** আপনার ওভারটাইম বেতন হিসেব করুন:

[ওভারটাইমের ঘণ্টাপ্রতি প্রদেয় মূল বেতন] × [যত ঘণ্টা ওভারটাইম করা হয়েছে] = ওভারটাইমের জন্য

## (d) অসুস্থতাজনিত ছুটি




- বহির্বিভাগের রোগী হিসেবে অসুস্থতাজনিত ছুটি এবং হাসপাতালে ভর্তির জন্য ছুটি পাওয়ার জন্য আপনার অধিকার রয়েছে, যদি আপনি আপনার নিয়োগদাতার জন্য কমপক্ষে 3 মাস কাজ করে থাকেন। আপনার অধিকারে প্রাপ্য অসুস্থতাজনিত ছুটির দিনগুলির সংখ্যা আপনার চাকরির বয়সের উপর নির্ভরশীল, যেমন:

| আজ পর্যন্ত মোট যত মাস চাকুরী করা হয়েছে | বহির্বিভাগের রোগী হিসেবে সবেতন অসুস্থতাজনিত ছুটি (কার্যদিবস) | হাসপাতালে ভর্তি রোগী হিসেবে সবেতন অসুস্থতাজনিত ছুটি (কার্যদিবস) |
|---|---|---|
| **3 মাস** | 5 | 15 |
| **4 মাস** | 8 | 30 |
| **5 মাস** | 11 | 45 |
| **6 মাস এবং তার বেশি** | 14 | 60 |



- অসুস্থতাজনিত ছুটির যোগ্য হওয়ার জন্য আপনাকে অবশ্যই আপনার অনুপস্থিতির 48 ঘন্টার মধ্যে আপনার নিয়োগকর্তাকে অবহিত করতে হবে।

- আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার স্বাভাবিক কার্যদিবসে গৃহীত অসুস্থতাজনিত ছুটির সময়কালের জন্য আপনাকে বেতন প্রদান করতে হবে, যদি আপনি:
  - মেডিকেল রেজিস্ট্রেশন আইনের অধীনে নিবন্ধিত কোনো ডাক্তার নিকট থেকে অসুস্থতাজনিত ছুটির সময়কালের জন্য একটি মেডিকেল সার্টিফিকেট প্রদান করেন এবং
  - সেই বছরের জন্য আপনার অসুস্থতাজনিত ছুটি ভোগের পরিমাণ ছাড়িয়ে না যায়।



## (e) বিশ্রামের দিন এবং সরকারি ছুটির দিনসমূহ

- প্রতি সপ্তাহে আপনি বিশ্রামের জন্য একদিন সময় পাবেন, কোনো বেতন ছাড়া।

- ব্যতিক্রমী পরিস্থিতির উদ্ভব না হলে বিশ্রামের দিনে আপনার নিয়োগকারী আপনাকে কাজ করার জন্য জোর করতে পারবেন না, এবং সেসব দিনে কাজ করাতে চাইলে তাদেরকে অবশ্যই আপনার সম্মতি গ্রহণ করতে হবে।

### বিশ্রামের দিনে কাজের জন্য বেতন নিম্নলিখিতভাবে গণনা করা হয়:

| কাজ হয়ে গেলে | আপনার প্রতিদিনের স্বাভাবিক কর্মঘণ্টার অর্ধেক সময় পর্যন্ত | আপনি যদি দৈনিক চুক্তিবদ্ধ কর্মঘণ্টার অর্ধেকের বেশি কাজ করেন | আপনার প্রতিদিনের কর্মঘণ্টার সময়ের বেশি |
|---|---|---|---|
| নিয়োগকর্তার অনুরোধে | 1 দিনের বেতন | 2 দিনের বেতন | 2 দিনের বেতন + ওভারটাইম বেতন |
| কর্মচারীর অনুরোধে | অর্ধ দিনের বেতন | 1 দিনের বেতন | 1 দিনের বেতন + ওভারটাইম বেতন |

- আপনি 11 দিনের সবেতন সরকারি ছুটির দিন পাওয়ার অধিকারী হবেন।
  - আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার সরকারী ছুটির দিনের জন্য আপনার মোট বেতন প্রদান করতে হবে, এমনকি যদি আপনি সরকারী ছুটির দিনে কাজ না-ও করেন।
  - আপনি যদি সরকারী ছুটির দিনে কাজ করেন তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই দৈনিক কাজের অতিরিক্ত হিসেবে দৈনিক মূল বেতন প্রদান করতে হবে, বা তার পরিবর্তে আপনাকে একদিন ছুটি প্রদান করতে হবে, অথবা সময় অবকাশ দিতে হবে (কেবলমাত্র $2,600 ডলারের বেশি আয়কারী নন-ওয়ার্কম্যানদের ক্ষেত্রে)

## (f) বাৎসরিক ছুটি

- যদি আপনি কমপক্ষে 3 মাস ধরে আপনার নিয়োগকর্তার জন্য কাজ করেন, তাহলে আপনি বেতন সহ বার্ষিক ছুটি ভোগের অধিকারী হবেন।

- আপনার বার্ষিক ছুটির অধিকার নীচে দেখানো অনুসারে নিয়োগকর্তার কাছে আপনার চাকরির বয়সের উপর নির্ভর করে।

| চাকরির নিরবচ্ছিন্ন সময়কাল | প্রতি বছর ছুটির দিন |
|---|---|
| ১ম | 7 |
| ২য় | 8 |
| ৩য় | 9 |
| ৪র্থ | 10 |
| ৫ম | 11 |
| ৬ষ্ঠ | 12 |
| ৭ম | 13 |
| ৮ম এবং তারপরে | 14 |

- আপনি যদি নিরবচ্ছিন্নভাবে 12 মাস পর্যন্ত চাকরি না করে থাকেন, তাহলে আপনার বার্ষিক ছুটির অধিকার সেই বছরের জন্য চাকরির মাসের সম্পূর্ণ সংখ্যার হারের ভিত্তিতে হবে।

## বেতনের দাবি ও চাকরির বেনিফিট

নিয়োগকর্তার বিরুদ্ধে আপনার যদি কোনো বেতন এবং/অথবা চাকরি সংক্রান্ত বিরোধ থাকে তাহলে আপনাকে যত শীঘ্ সম্ভব MOM বা TADM-এর সাথে যোগাযোগ করতে হবে। যত শীঘ্র অগ্রসর হবেন, আপনার পাওনা বেতন পুরোপুরি আদায়ের সম্ভাবনা ততই বেশি হবে এবং আপনাকে নতুন নিয়োগকারীর সন্ধানের জন্য সময় দেওয়া হবে। প্রয়োজনে আপনি খাদ্য এবং আবাসনের ব্যাপারে সহায়তা পাবেন।

### গুরুত্বপূর্ণ টীকা

আপনার নিয়োগকারীর কাছে যদি আপনার বেতন বা অন্য যেকোনো বকেয়া পাওনা থাকে তাহলে তিনি জোরপূর্বক আপনাকে নিজ দেশে ফেরত পাঠাতে পারবেন না।

যদি আপনার বেতন বা দাবি অপরিশোধিত থাকে, এবং আপনাকে যদি এমনভাবে বিমানবন্দরে পাঠিয়ে দেওয়া হয় যেখানে বের হয়ে আসার উপায় থাকে না, তাহলে আপনাকে বিমানবন্দর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে। সহায়তার জন্য আপনাকে MOM-এর নিকট পাঠানো হবে।

## আপনার সিঙ্গাপুরস্থ কর্মসংস্থান এজেন্সি

### কর্মসংস্থান এজেন্সি ফি ক্যাপ বা সীমা

সিঙ্গাপুর এমপ্লয়মেন্ট এজন্সিকে আপনার ওয়ার্ক পারমিটের মেয়াদ বা চাকরির চুক্তির সময়কালের ব্যাপারে প্রতি বছরের জন্য আপনার নির্ধারিত মাসিক বেতনের 1 মাসের চেয়ে বেশি পরিমাণে দিতে হবে না। এজেন্সি ফি 2 মাসের বেতনে সীমাবদ্ধ। এমপ্লয়মেন্ট এজেন্সি আপনাকে প্রদেয় পরিষেবাদি এবং সংগৃহীত ফি'র পরিমাণ উল্লেখপূর্বক যেকোনো ফি প্রদানের জন্য আইটেমযুক্ত রশিদ প্রদান করবে।



**নির্ধারিত মাসিক বেতন** = মূল মাসিক বেতন + নির্ধারিত মাসিক ভাতা

## উদাহরণ 1

যদি আপনার ওয়ার্ক পারিমট ও চাকরির চুক্তি 2 বছরের জন্য বৈধ হয় তবে সিঙ্গাপুর এমপ্লয়মেন্ট এজেন্সিকে প্রদেয় সর্বাধিক এজেন্সি ফি হবে আপনার নির্ধারিত মাসিক বেতনের **2 মাসের** সমপরিমাণ।

## উদাহরণ 2

যদি আপনার ওয়ার্ক পারমিট 2 বছরের জন্য বৈধ হয় কিন্তু আপনার চাকরির চুক্তিটি কেবল এক বছরের জন্য বৈধ হয়, তাহলে সিঙ্গাপুর এমপ্লয়মেন্ট এজেন্সিকে প্রদেয় সর্বাধিক এজেন্সি ফি হবে আপনার নির্ধারিত মাসিক বেতনের **1 মাসের** সমপরিমাণ।

## উদাহরণ 3

যদি আপনার ওয়ার্ক পারমিট এবং চাকরির চুক্তি 2 বছরেরও বেশি সময়ের জন্য বৈধ হয় তবে সিঙ্গাপুর এমপ্লয়মেন্ট এজেন্সিকে প্রদেয় সর্বাধিক এজেন্সি ফি হবে আপনার নির্ধারিত মাসিক বেতনের **2 মাসের**সমপরিমাণ।

যদি আপনার সিঙ্গাপুর এমপ্লয়মেন্ট এজেন্সি ফি সীমার চেয়ে বেশি সংগৃহীত হয়, বা প্রদেয় ফি'র জন্য আইটেমযুক্ত রশিদ না দেওয়া হয় বা আপনার চাকরির পূর্ণ সময়কালের আগেই অবসান ঘটানোর সময় আপনাকে ফেরত দিতে ব্যর্থ হয়, তাহলে দয়া করে অবিলম্বে **6438 5122** নম্বরে কল করে **MOM**-কে জানান অথবা 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায় MOM পরিষেবা কেন্দ্রে যান।

## ফি ফেরত প্রদান

যদি আপনার নিয়োগকারী 6 মাসের মধ্যেই আপনার চুক্তিটি বাতিল করে, তাহলে আপনাকে সিঙ্গাপুর এমপ্লয়মেন্ট এজেন্সিকে আপনার প্রদত্ত ফিয়ের কমপক্ষে 50% অবশ্যই ফেরত প্রদান করা হবে। তবে, যদি আপনি নিজের সিদ্ধান্তের চাকরিতে ইস্তফা দেন, তাহলে আপনি কোনো অর্থ ফেরত পাবেন না।

উপরের বিষয়গুলো শুধুমাত্র সিঙ্গাপুরে পরিচালিত এমপ্লয়মেন্ট এজেন্সিগুলোর জন্য প্রযোজ্য।

MOM আপনার নিজের দেশে আপনার কর্মসংস্থান সংস্থার সাথে কোনো বিরোধের ক্ষেত্রে বা আপনার দেশে কর্মসংস্থান সংস্থাগুলিকে প্রদত্ত ফি পুনরুদ্ধার করার ক্ষেত্রে সহায়তা করতে সক্ষম হবে না।

# চাকুরী সংক্রান্ত আইনকানুন


ওয়ার্ক পারমিট হোল্ডার হিসেবে আপনাকে সবসময় আপনার ওয়ার্ক পারমিটের শর্তাবলী পালন করতে হবে। যে কোনো ওয়ার্ক পারমিটের শর্ত লঙ্ঘন করা একটি অপরাধ এবং এর ফলে নিচের শাস্তিগুলো ভোগ করতে হবে:



আপনাকে জরিমানা করা হবে বা জেলে পাঠানো হবে।




আপনার ওয়ার্ক পারমিট বাতিল হয়ে যাবে।




ভবিষ্যতে আপনাকে আর সিঙ্গাপুরে কাজ করতে দেওয়া হবে না।

## (1) ওয়ার্ক পারমিটের বৈধতা যাচাই

আপনার নিয়োগকর্তা যদি আপনার ওয়ার্ক পারমিটের মেয়াদ শেষ হওয়ার আগেই তা বাতিল করে দেন, তাহলে আপনাকে সিঙ্গাপুরে কাজ চালিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হবে না। আপনি SGWorkPass অ্যাপটি ডাউনলোড করে অথবা MOM ওয়েবসাইটে লগ ইন করে আপনার ওয়ার্ক পারমিটের বৈধতা যাচাই করতে পারেন।






### a) SGWorkPass

*আপনার ওয়ার্ক পাস বৈধ কিনা তা যাচাই করার জন্য একটি বিনামূল্যের মোবাইল অ্যাপ্লিকেশন*


তাত্ক্ষণিকভাবে বৈধতা যাচাই করতে আপনার ওয়ার্ক পারমিট কার্ডের কিউআর কোডটি স্ক্যান করতে SGWorkPass অ্যাপটি ডাউনলোড করুন। যদি আপনার ওয়ার্ক পারমিট কার্ডে কিউআর কোড না থাকে তবে আপনি নিজের কার্ডের সামনের অংশে মুদ্রিত অনন্য কার্ড সিরিয়াল নম্বরটি ব্যবহার করতে পারেন।

## b) MOM ওয়েবসাইট

আপনি এখান থেকে MOM ওয়েবসাইটে www.mom.gov.sg/check-wp-এ লগ ইন করতে পারেন এবং নীচের ধাপগুলো অনুসরণ করতে পারেন।

1) নির্বাচন করুন: *জিজ্ঞাসা।*
2) নির্বাচন করুন: *ওয়ার্ক পারমিট বৈধতা /আবেদনের স্থিতি ।*
3) আপনার ওয়ার্ক পাস নম্বর এবং আপনার নাম লিখুন, তারপর *ক্লিক করুন।*

## (2) চাকরি




- আপনাকে অবশ্যই কেবলমাত্র পেশা এবং আপনার ওয়ার্ক পারমিট কার্ডে উল্লিখিত নিয়োগকারীর জন্য কাজ করতে হবে।

\- আপনার নিয়োগকর্তা অনুমতি দিলেও আপনার পক্ষে অন্য পেশায় কাজ করার অনুমতি নেই।

- অতিরিক্ত অর্থ উপার্জনের জন্য আপনি অন্য কোনো ব্যবসায় অংশ নিতে বা আপনার নিজের ব্যবসা শুরু করতে পারবেন না।
- আপনাকে অবশ্যই আপনার আসল ওয়ার্ক পারমিট কার্ডটি সর্বদা সাথে রাখতে হবে এবং কোনো সরকারী কর্মকর্তার দ্বারা এটি পরিদর্শনের জন্য চাওয়ামাত্র উপস্থাপন করতে হবে।

আপনাকে যদি ভিন্ন কোনো কাজ বা ভিন্ন কোনো নিয়োগদাতার জন্য কাজ করতে বলা হয় তাহলে 6438 5122 নম্বরে কল করে অবিলম্বে MOM-কে বিষয়টি জানান, অথবা 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায় MOM পরিষেবা কেন্দ্রে যোগাযোগ করুন।

## (3) আচরণ

- সিঙ্গাপুরের কোনো নাগরিক বা স্থায়ী বাসিন্দাকে (সিঙ্গাপুরে অথবা সিঙ্গাপুরের বাইরে) বিয়ে করতে আপনার পক্ষে কন্ট্রোলার অব ওয়ার্ক পাসেস-এর অনুমোদন প্রয়োজন হবে। আপনার ওয়ার্ক পারমিট অকার্যকর হওয়ার পরে এটি প্রযোজ্য হবে।

- আপনি সিঙ্গাপুরের কোনো নাগরিক বা স্থায়ী বাসিন্দার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ না হয়ে এবং কন্ট্রোলার অব ওয়ার্ক পাসেস-এর অনুমোদন না নিয়ে গর্ভধারণ বা সন্তান জন্মদান করতে পারবেন না। কেবলমাত্র ওয়ার্ক পারমিট অকার্যকর হওয়ার পরেই এটি প্রযোজ্য হবে।

## 4) লাইসেন্সবিহীন কর্মসংস্থান এজেন্ট হওয়া থেকে বিরত থাকুন।

- MOM-এর লাইসেন্স ব্যতীত যেকোনো ধরনের কর্মসংস্থান সংস্থার কার্যক্রম পরিচালনা করা অবৈধ, যেমন:

(i) পরিবারের সদস্য বা বন্ধুদের কাছ থেকে তাদের চাকুরীর সন্ধানে সহায়তা করার উদ্দেশ্যে অর্থ বা সুযোগ-সুবিধা লাভ করা,
(ii) কোনো চাকুরীর আবেদনকারীর কাছ থেকে চাকুরীর সন্ধানে সহায়তা করার উদ্দেশ্যে যেকোনো ব্যক্তিগত কাগজপত্র বা জীবনবৃত্তান্ত/CV সংগ্রহ করা,
(iii) কোনো নিয়োগকারী বা চাকুরীর আবেদনকারীর পক্ষ থেকে ওয়ার্ক পাশের আবেদনপত্র জমা দেওয়া, এবং/অথবা
(iv) কোনো চাকুরীর সন্ধানকারীর সাথে কোনো নিয়োগকারীর পরিচয় করিয়ে দেওয়ায় সহায়তা করা।

এই অপরাধগুলোর যেকোনোটির শাস্তি হলো সর্বোচ্চ $80,000 জরিমানা এবং/অথবা সর্বোচ্চ দুই বছরের জেল। আপনার ওয়ার্ক পারমিট বাতিল করা হবে, আপনাকে দেশে পাঠানো হবে এবং আপনাকে সিঙ্গাপুরে কাজ করতে দেওয়া হবে না।

## 5) লাইসেন্সবিহীন কর্মসংস্থান এজেন্ট বা সংস্থা থেকে দূরে থাকুন।

- কোনো লাইসেন্সবিহীন কর্মসংস্থান এজেন্টের পরিষেবার সাথে সম্পৃক্ত হওয়া বেআইনি।

- আপনি যদি কোনো লাইসেন্সবিহীন কর্মসংস্থান এজেন্টের সাথে সম্পৃক্ত হন, তবে আপনি কোনো কাজ না-ও পেতে পারেন এবং আপনার পরিশোধিত এজেন্সী ফি হারাতে পারেন। প্রতিবার কোনো লাইসেন্সবিহীন কর্মসংস্থান এজেন্টের সাথে সম্পৃক্ত হওয়ার জন্য আপনাকে $5,000 পর্যন্ত জরিমানা করা হবে।

**আপনার কর্মসংস্থান এজেন্ট বা এজেন্সী MOM লাইসেন্সধারী কি না তা সর্বদা চেক করুন।**

- কর্মসংস্থান এজেন্সীর কর্মীদের নিবন্ধন কার্ডটি দেখাতে বলুন (নিচে নমুনা দেখুন)। কার্ডে উল্লিখিত নাম ও নিবন্ধন নম্বর লিখে রাখুন।

- আপনি যে একটি লাইসেন্সধারী এজেন্সীর সাথে কাজ করছেন তা নিশ্চিত করতে www.mom.gov.sg/eadirectory-এ MOM-এর এমপ্লয়মেন্ট এজেন্সী ডিরেক্টরিতে আপনার এজেন্টের নাম চেক করে দেখুন।




*লাইসেন্সধারী কর্মসংস্থান এজেন্টের নিবন্ধন কার্ডের নমুনা*


লাইসেন্সবিহীন কর্মসংস্থান সংস্থার কার্যক্রম পরিচালনাকারী যে কারো সম্পর্কে আপনার রিপোর্ট করা উচিত। আপনার পরিচয় গোপন রাখা হবে।

### ওয়ার্ক পারমিটের শর্ত ভঙ্গ করার শাস্তি

আপনি যদি উপরের ওয়ার্ক পারমিটের শর্তগুলোর কোনোটি ভঙ্গ করেন, তবে আপনার ওয়ার্ক পারমিট বাতিল হয়ে যাবে এবং ভবিষ্যতে আপনাকে সিঙ্গাপুরে কাজ করতে দেওয়া হবে না।

# আইনগতভাবে একজন নিয়োগকারীর বাধ্যবাধকতাসমূহ

আপনার চাকুরীর মেয়াদকালে আপনার নিয়োগকারীর কিছু দায়িত্ব রয়েছে। আপনাকে নিয়োগ করার শর্ত হিসেবে আপনার নিয়োগকারী আপনার কাছ থেকে অর্থ চাইতে বা নিতে পারবে না। নিম্নোক্ত ব্যয়গুলোর জন্য তিনি আপনার কাছ থেকে টাকা নিতে পারবেন না বা আপনার বেতন থেকে কেটে নিতে পারবেন না:




1. ওয়ার্ক পাশ নবায়ন



2. সিকিউরিটি বন্ড



3. স্বাস্থ্য বীমা



4. প্রত্যাবাসনের বা দেশে পাঠানোর খরচ



5. বাধ্যতামূলক প্রশিক্ষণ



6. চিকিৎসা ফি




7. শুল্ক প্রদান


উদাহরণ স্বরূপ, যদি আপনার ওয়ার্ক পাসের মেয়াদ শেষের পথে থাকে, তবে আপনার নিয়োগকর্তা নবায়নের খরচ বহন করতে বাধ্য। তিনি আপনাকে নবায়নের ফি পরিশোধ করতে বলতে পারবেন না বা আপনার বেতন থেকে তা কেটে নিতে পারবেন না।

আপনার নিয়োগকারী যদি আপনার বেতন থেকে কেটে নেন, তাহলে কেনো কর্তন করে নেওয়া হয়েছে তা আপনার নিয়োগকারীকে জিজ্ঞেস করুন। যদি উপরে তালিকাভুক্ত কোনো ব্যয়ের জন্য কর্তন করা হয়ে থাকে, তবে অবিলম্বে **6438 5122** নম্বরে কল করে **MOM**-এর কাছে রিপোর্ট করুন অথবা 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায় MOM সার্ভিসেস সেন্টারে যোগাযোগ করুন।


## বাসস্থান

আপনার নিয়োগকারীকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার বাসস্থান যথাযথ মানসম্পন্ন এবং জনাকীর্ণ নয়। যদি আপনি দেখেন আপনার বাসস্থানটিতে থাকার পরিবেশ নিম্নমানের বা অনিরাপদ, তবে অবিলম্বে **6438 5122** নম্বরে কল করে **MOM**-এর কাছে রিপোর্ট করুন অথবা 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায় MOM সার্ভিসেস সেন্টারে যোগাযোগ করুন।


নিম্নমানের বা অনিরাপদ থাকার পরিবেশের উদাহরণের মধ্যে পড়ে:




জনাকীর্ণতা বা অতিরিক্ত ভীর



যথাযথ স্যানিটেশন / টয়লেট সুবিধা বা বায়ু চলাচলের অভাব



কীটপতঙ্গের উপদ্রব (যেমন ইঁদুর, মশা, তেলাপোকা)



আপনার ডর্মিটরির মধ্যে ক্ষতিগ্রস্থ বা মেরামত করা হয়নি এমন সুযোগ-সুবিধা

আপনি ব্যক্তিগত আবাসিক ভবন যেমন কনডোমিনিয়াম, শপ হাউস এবং টেরেস হাউসগুলোতে থাকতে পারেন। সর্বোচ্চ 6 জন শ্রমিককে ব্যক্তিগত আবাসিক ভবনে থাকতে দেওয়া হয়। যদি আপনার বাসস্থানে 6 জনের বেশি কর্মী থাকে, তবে ওখান থেকে বেরিয়ে আসার জন্য আপনার নিয়োগকর্তার সাথে মিলে ব্যবস্থা নিন।

## আপনার ঠিকানার হালনাগাদ

আপনাকে অবশ্যই আপনার নিয়োগকর্তা কর্তৃক MOM-এর নিকট প্রদত্ত ঠিকানায় থাকতে হবে। আপনি যদি নিজের বাসস্থান নিজে খুঁজেন বা যেকোনো সময় আপনার বাসস্থান পরিবর্তন করেন, তবে আপনাকে অবশ্যই আপনার নিয়োগকর্তাকে আপনার সর্বশেষ আবাসিক ঠিকানা সম্পর্কে অবহিত করতে হবে যাতে তারা MOM-কে জানাতে পারে। আপনি যদি তা করতে ব্যর্থ হন, তবে আপনার ওয়ার্ক পাসটি বাতিল করা হবে।

## সামাজিক স্বাস্থ্যবিধি পালন করুন

আপনি যেখানে থাকেন সেই স্থানটি পরিষ্কার এবং পরিচ্ছন্ন রাখুন যাতে আপনি সুস্থ থাকতে পারেন এবং অসুস্থ না হয়ে পড়েন।

- ছারপোকা প্রতিরোধ করতে আপনার বিছানা পরিষ্কার রাখুন।
- তেলাপোকা এবং ইঁদুরের মতো কীটপতঙ্গ প্রতিরোধ করতে আপনার থাকার পরিবেশ পরিষ্কার রাখুন।
- মশার প্রজনন রোধ করতে বদ্ধ পানি সরান।

## আপনার ডর্মিটরির অপারেটরের নিকট আবাসন-সংক্রান্ত সমস্যাগুলোর রিপোর্ট করা

### ডর্মওয়াচ অ্যাপ

*আবাসন-সংক্রান্ত সমস্যাগুলো রিপোর্ট করার জন্য বিনামূল্যে একটি মোবাইল অ্যাপ*

আপনি যদি কোনো ডর্মিটরিতে থাকেন, তবে ডর্মওয়াচ অ্যাপ্লিকেশনের মাধ্যমে আপনি ডর্মিটরি অপারেটরের নিকট কোনো সমস্যা, নষ্ট সরঞ্জাম বা সুবিধা সম্পর্কে সরাসরি রিপোর্ট করতে পারবেন। MOM-কেও সমস্যাটির অগ্রগতি সম্পর্কে অবহিত রাখা হবে এবং প্রয়োজন হলে পরিদর্শনের পদক্ষেপ নেওয়া হবে। আপনি QR কোডটি স্ক্যান করে অ্যাপটি ডাউনলোড করতে পারেন।

Download on the App Store

GET IT ON Google Play

# চাকরি সংক্রান্ত প্রতারণা

কর্মসংস্থান প্রতারণার শিকার হওয়ার বিষয়ে সাবধান থাকুন:

- **শেল কোম্পানি / অব্যাহতিপ্রাপ্ত কর্মী / অবৈধ কর্মসংস্থান** - সিঙ্গাপুরে আসার পরে আপনি কোনো কাজ খুঁজে পাচ্ছেন না কারণ আপনাকে প্রতিশ্রুতি দেওয়া নিয়োগকর্তা বা আপনাকে চাকরীর প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেটির কোনো অস্তিত্ব নেই অথবা আপনাকে অবৈধভাবে নিজের জন্য কাজ খুঁজতে বলা হয়েছে।

- **মিথ্যা ঘোষণা** - আপনি পড়াশোনা করেননি এমন কোনো স্কুলের জাল শিক্ষাগত সনদপত্র সহকারে আপনার নিয়োগকারী আপনার ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করেন।

- **ঘুষ** - সিঙ্গাপুরে কাজ করার জন্য অথবা আপনার ওয়ার্ক পারমিট নবায়ন করার জন্য আপনি আপনার নিয়োগকারীকে অর্থ প্রদান করেন।

- **ভুয়া বেতনের ঘোষণা** - আপনার নিয়োগকর্তা আসলে আপনাকে যে বেতন দিচ্ছে, MOM-এর নিকট ইন-প্রিন্সিপাল অ্যাপ্রুভালে (IPA) তার চেয়ে বেশি বেতন ঘোষণা করে।

আপনি যদি প্রতারণাগুলোর কোনোটির শিকার হন, তবে অবিলম্বে **6438 5122** নম্বরে কল করে **MOM**-এর কাছে রিপোর্ট করুন অথবা 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায় MOM সার্ভিসেস সেন্টারে যোগাযোগ করুন।

# নিরাপত্তা

## কর্মক্ষেত্রে নিরাপত্তা

আপনি যদি কনস্ট্রাকশনে কাজ করেন তবে আপনাকে অবশ্যই নির্মাণ সুরক্ষা ওরিয়েন্টেশন কোর্সটি শেষ করতে হবে। কর্মক্ষেত্রে থাকাকালীন সময়ে আপনাকে অবশ্যই কোর্সের সময় আপনি যা শিখেছিলেন এবং আপনার নিয়োগকর্তা বা সুপারভাইজারের দেওয়া সুরক্ষা নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

- সর্বদা আপনি যে কাজটি করছেন তার জন্য সঠিক ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) (যেমন হেলমেট, সেফটি গগলস, হিয়ারিং প্রটেক্টর, গ্লাভস এবং সেফটি বুট) পরিধান করুন এবং ভালো কাজের অবস্থার জন্য PPE রাখুন।

- আপনার সেফটি হারনেসটি পরুন এবং একটি স্থিতিশীল অ্যাঙ্কর পয়েন্টের সাথে আটকে রাখুন।

- ঝুঁকি বা শর্টকাট গ্রহণ করবেন না অথবা সুরক্ষা বিধি উপেক্ষা করবেন না।




**এই সাধারণ ঝুঁকি বা বিপত্তিগুলোর বিষয়ে খেয়াল রাখুন এবং নিজেকে সুরক্ষিত রাখুন:**



### উঁচু স্থানে কাজ করা

- উঁচু স্থানে কাজ করার সময় যথাযথ প্ল্যাটফর্ম ব্যবহার করুন।




- মই ব্যবহার করার সময় সর্বদা তিন-পয়েন্ট সংযোগ বজায় রাখুন।



### পড়ন্ত বস্তু থেকে সাবধান থাকুন

- ঝুলন্ত বোঝা থেকে নিরাপদ থাকুন।
- খোলামুখের কাছে সরঞ্জাম এবং উপকরণ রাখবেন না বা সংরক্ষণ করবেন না।
- আপনার সেফটি হেলমেট এবং ইস্পাতের ক্যাপযুক্ত বুট পরুন।




### পতন প্রতিরোধ

- কর্মক্ষেত্র শুকনো, পরিষ্কার এবং ছিটকে পড়া এবং হোঁচট খাওয়ার মত বস্তু যেমন তার মুক্ত রাখুন।
- সিঁড়ি ব্যবহার করার সময় হ্যান্ডরেইল ধরে রাখুন।
- অ্যান্টি-স্লিপ সেফটি বুট পরুন।




### বৈদ্যুতিক ঝুঁকি

- সমস্যা যুক্ত বৈদ্যুতিক সরঞ্জাম বা সমস্যা যুক্ত পাওয়ার সকেট ব্যবহার করবেন না।
- কর্মক্ষেত্র পরিষ্কার এবং শুকনো রাখুন।




- শুধুমাত্র শুকনো পরিস্থিতিতে বৈদ্যুতিক কাজ সম্পাদন করুন।
- রবারের গ্লাভস এবং বুট পরুন।






- এক্সটেনশন কর্ড এবং বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করার সময় শুধুমাত্র 'সুরক্ষা চিহ্ন'-যুক্তগুলো ব্যবহার করুন *(নিচে লোগো দেখুন)*।






SAFETY MARK
1 2 3 4 5 6 - 0 0





**আবদ্ধ স্থান**

- কোনো আবদ্ধ স্থানে প্রবেশের পূর্বে সর্বদা গ্যাস চেক সম্পাদন করে নিন।
- কোনো আবদ্ধ স্থানে প্রবেশের আগে সুরক্ষামূলক সরঞ্জাম (যেমন রেস্পিরেটর, ফুল বডি হারনেস এবং রিট্রিভাল লাইন) ব্যবহার করুন।

**আগুনের ঝুঁকি**


- গরম কাজগুলো সম্পাদনের আগে সলভেন্ট, চাপযুক্ত ট্যাঙ্ক এবং কাঠের গুঁড়োর মত দাহ্য উপকরণগুলোর দিকে খেয়াল রাখুন।
- দাহ্য উপকরণগুলো বদ্ধ পাত্রে রাখুন এবং এগুলো ভাল বায়ু-চলাচল রয়েছে এমন জায়গায় সংরক্ষণ করুন।

**কর্মক্ষেত্রে গাড়ি চালানো**

- কর্মক্ষেত্রে হাঁটাচলা করার সময় যানবাহনগুলোর দিকে নজর রাখুন এবং হাঁটার পথ অনুসরণ করুন।
- তন্দ্রাচ্ছন্নতার বা ঘুম সৃষ্টি করে এমন ওষুধ খেয়ে থাকলে গাড়ি চালানো থেকে বিরত থাকুন।
- দীর্ঘ সময় ধরে গাড়ি চালাতে থাকলে প্রসারণ ও বিশ্রামের জন্য স্বল্প বিরতি নিন।
- গাড়ি রিভার্সে দেওয়ার আগে আপনার ব্লাইন্ড স্পটগুলো চেক করে নিন।
- যানবাহন দূরে রাখতে আপনার কর্মক্ষেত্রের চারপাশে ট্র্যাফিক কোন বসান।

# মেডিকেল চিকিৎসা চাওয়া

অসুস্থ হলে এবং ডাক্তার দেখানোর প্রয়োজন পড়লে আপনার নিয়োগকর্তাকে অবহিত করুন। আপনি এখানে ডাক্তার দেখাতে পারেন:



আপনার কর্মক্ষেত্র বা বাসস্থানের নিকটবর্তী MOM অনুমোদিত **মেডিক্যাল সেন্টারে**

**OR**



MOM অনুমোদিত জেনারেল **প্রেক্টিশনার (GP) ক্লিনিক**



**FWMOMCare**app-এর মাধ্যমে **টেলিমেডিসিন ডক্টর** (শুধু অনলাইন পরামর্শ)


আপনার নিয়োগকর্তা আপনাকে অবশ্যই একজন চিকিৎসকের সাথে দেখা করার অনুমতি দেবেন এবং তিনি আপনার চিকিৎসার বিল দিতে দায়বদ্ধ থাকবেন। আপনার নিয়োগকর্তাকে দেওয়ার জন্য মেডিকেল ক্লিনিক থেকে একটি মেডিকেল সার্টিফিকেট এবং টাকা পরিশোধের রসিদ নেওয়ার কথা অনুগ্রহ করে মনে রাখবেন। আপনার নিজের রেকর্ডের জন্য মেডিকেল সার্টিফিকেট এবং রসিদের একটি ছবি তোলা উচিত।

যদি আপনার নিয়োগকর্তা আপনার চিকিৎসা প্রদান করতে বা তার ব্যয় বহন করতে অস্বীকার করেন, তবে অবিলম্বে **6438 5122** নম্বরে কল করে **MOM**-এর কাছে রিপোর্ট করুন অথবা 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায় MOM সার্ভিসেস সেন্টারে যোগাযোগ করুন। সকল তথ্য সম্পূর্ণ গোপন রাখা হবে।

## কর্মক্ষেত্রে আহত হওয়া

সকল কর্মচারীর নিরাপত্তা, স্বাস্থ্য ও কল্যাণের দায় আপনার নিয়োগকারীর।

## কর্মক্ষেত্রে আপনি আহত হলে কী করণীয়?




1. আপনার আহত হওয়ার কথা আপনার সুপারভাইজর/নিয়োগকারীকে জানান এবং দ্রুত চিকিৎসা গ্রহণ করুন। আপনি যদি আপনার ডাক্তারের / দাঁতের ডাক্তারের কাছ থেকে হাসপাতালে ভর্তি হওয়ার/মেডিক্যাল ছুটি বা হালকা কাজের পরামর্শ পান, তবে আপনার সুপারভাইজার/নিয়োগকর্তাকে MOM-এর নিকট একটি ইনসিডেন্ট রিপোর্ট জমা দেওয়ার কথা বলুন।

2. আপনি কর্মক্ষেত্রে আহত হলে আপনার নিয়োগকর্তা যদি দুর্ঘটনার কোনো রিপোর্ট জমা না দেন, তবে অনুগ্রহ করে MOM-কে অবহিত করুন। আপনি 6438 5122 নম্বরে কল করে MOM–কে অবহিত করতে পারেন, অথবা MOM অফিসারের সাথে কথা বলতে MOM সার্ভিস সেন্টারে (1500 Bendemeer Road, Singapore 339946) আসতে পারেন। আপনাকে শুধু MOM-এর কাছে আপনার যোগাযোগের তথ্য, আপনার নিয়োগকর্তার নাম এবং দুর্ঘটনার তারিখ দিতে হবে। আপনি ইংরেজিতে কথা বলতে না পারলেও MOM আপনাকে সহায়তা করতে পারবে।




3. কর্মক্ষেত্রে দুর্ঘটনার বিস্তারিত বিষয়ে আপনার সুপারভাইজর/নিয়োগকর্তার সাথে আপনার পত্রবিনিময়ের রেকর্ড (যেমন: আপনার হোয়াটসঅ্যাপ এবং SMS বার্তা ইত্যাদি) রাখুন।



4. আপনি যে জায়গায় আহত হয়েছিলেন এবং যে সকল সরঞ্জাম বা যন্ত্রপাতি আপনার আহত হওয়ার কারণ, একজন বন্ধুকে বলুন সেগুলোর ছবি তুলতে। ছবিগুলো ডাক্তারকে দেখান।



5. আপনার যদি কোনো মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট থাকে, তবে অনুগ্রহ করে সেই অ্যাপয়েন্টমেন্টে হাজির হন এবং এর পরিবর্তে অন্য কোনো ডাক্তারের কাছে যাবেন না। নির্ধারিত মেডিক্যাল অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হতে ব্যর্থ হলে আপনার কর্মক্ষেত্রে আঘাতজনিত ক্ষতিপূরণের দাবি স্থগিত করা হবে।




6. আপনার আঘাতের সাথে সংশ্লিষ্ট নথিপত্রের (যেমন: মেডিকেল সার্টিফিকেট, মেডিকেল বিল) একটি কপি সংরক্ষণ করুন এবং মূল কপিগুলো আপনার নিয়োগকারীর হাতে দিন।



7. বীমাকারী বা MOM ক্ষতিপূরণের পরিমাণ হিসেব করবে এবং আপনাকে ও আপনার নিয়োগকর্তাকে একটি নোটিশ জারি করবে। যদি পরিমাণটি নিয়ে কোনো আপত্তি না থাকে, তবে আপনার নিয়োগকর্তা / বীমাকারী কে নোটিশ জারির তারিখের 21 দিনের মধ্যে আপনাকে টাকা পরিশোধ করতে হবে। আপনার নিয়োগকারী আপনার ক্ষতিপূরণের দাবির বিষয়টি সামলাবে এবং MOM-কে অবহিত করবে।

## দাবি দায়ের করা

- আপনাকে কোনো দাবি করতে হবে না, কারণ আপনার নিয়োগকর্তা যখনই MOM-এর কাছে দুর্ঘটনার রিপোর্ট জমা দেওয়ার পর আপনার মামলাটি স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়া শুরু করবে।

- যখন দাবিটি প্রক্রিয়া করা হবে তখন আপনার নিয়োগকর্তার সাথে থাকা উচিত কারণ তিনি আপনার খাবার এবং আবাসন প্রদান করা বজায় রাখতে বাধ্য। যদি আপনার নিয়োগকর্তা আপনাকে আপনার নিজের দেশে ফিরে যেতে বাধ্য করে এবং দুর্ঘটনার খবর রিপোর্ট না করে, তবে অবিলম্বে 6438 5122 নম্বরে MOM-কে ফোন করুন।

- যদি আপনার নিয়োগকর্তা আপনাকে বিমানবন্দরে প্রেরণ করে এবং আপনাকে সিঙ্গাপুর ছাড়তে বাধ্য করে, তবে আপনি বিমানবন্দরের ইমিগ্রেশন কাউন্টারগুলোর কর্মকর্তাদের কাছ থেকে সহায়তা চাইতে পারেন।

**আপনি কি জানেন?**

WICA দাবির ব্যাপারে সহায়তা করার জন্য আপনার কোনো আইনজীবীর প্রয়োজন নেই। ক্ষতিপূরণের পরিমাণ একটি নির্দিষ্ট সূত্রের মাধ্যমে হিসেব করা হয়। দুর্ঘটনার তারিখ থেকে আট মাসের মধ্যে WICA দাবির 75%-এর বেশি নিষ্পত্তি করা হয়।

## আমি কী দাবি করতে পারি এবং পরিমাণটি কত?

WICA-এর অধীনে, আপনি নিম্নলিখিত ধরনের ক্ষতিপূরণ দাবি করতে পারেন, **শুধুমাত্র যদি** আপনি সিঙ্গাপুর-নিবন্ধিত কোনো ডাক্তার বা ডেন্টিস্টের কাছে যান।

| ক্ষতিপূরণের ধরন | এই বিষয়টি কী? |
|---|---|
| চিকিৎসা ব্যয় | কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের কারণে আপনার মেডিকেল বিল এবং অন্যান্য চার্জ<br>উদাহরণস্বরূপ কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের মূল্যায়ন প্রতিবেদনের জন্য ফি। |
| অসুস্থতাজনিত ছুটির মজুরি | • কর্মক্ষেত্রে কোনো দুর্ঘটনার জন্য আপনাকে যদি হাসপাতালে ভর্তি হওয়ার জন্য/মেডিকেল ছুটি (বা হালকা ডিউটি দেওয়া হয়।<br>• যে দিনগুলোতে আপনি সাধারণত কর্মক্ষেত্রে (কার্য দিবস) থাকতেন, তবে বিশ্রামের দিন বা সরকারী ছুটির দিনের জন্য নয়। |
| একক বা থোক ক্ষতিপূরণ | • স্থায়ী অক্ষমতা - যখন কোনো আঘাত বা চিকিৎসাধীন অবস্থা আপনার কাজের ক্ষমতাকে স্থায়ীভাবে প্রভাবিত করে।<br>• মৃত্যু - যখন কোনো আঘাতের কারণে মৃত্যু ঘটে। |

যদি আপনার কর্মক্ষেত্রে আঘাতজনিত ক্ষতিপূরণের দাবিতে সহায়তার প্রয়োজন হয়, তবে আপনি 6438 5122 নম্বরে কল করতে পারেন অথবা 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায় MOM -এর সাথে যোগাযোগ করতে পারেন।

## মিথ্যা দাবি করবেন না

কর্মক্ষেত্রে আঘাতজনিত ক্ষতিপূরণ পাওয়ার জন্য কোনো মিথ্যা দাবি করবেন না বা কর্মক্ষেত্রে আপনি আহত হয়েছেন এমন মিথ্যা তথ্য দেবেন না। যেসব কর্মী তা করবে তাদের জরিমানা এবং/অথবা জেল হবে এবং তারা কাজ করার জন্য সিঙ্গাপুরে ফিরতে পারবে না।

## WICA বনাম কমন ল'

যেসকল কর্মী আহত হন তাদের অধিকাংশই WICA-এর অধীনে ন্যায্য ও সময়মত ক্ষতিপূরণ পেয়ে থাকেন। MOM থেকে আপনার WICA দাবি প্রত্যাহার করার অধিকার আপনার রয়েছে এবং এর পরিবর্তে, কমন ল'-এর দাবি করার জন্য একজন আইনজীবী সম্পৃক্ত করতে পারবেন। তবে, মনে রাখবেন, কমন ল-এর দাবিগুলো নিষ্পত্তি হতে স্বাভাবিকের চেয়ে বেশি সময় লাগে এবং আপনাকে আদালতে প্রমাণ করতে হবে যে এই আঘাতটি আপনার নিয়োগকর্তার অবহেলার কারণে হয়েছে। আমরা রিপোর্ট পেয়েছি যে, কিছু কিছু লোক আইনজীবীদের কাছ থেকে কমিশন আয় করতে কর্মীদেরকে তাদের WICA দাবি প্রত্যাহার করার জন্য ভুল পথে পরিচালিত করেন। এই কারণে, অনুগ্রহ করে আপনার বিকল্পগুলো সাবধানে বিবেচনা করুন।

# সিঙ্গাপুরের আইন

**এখানে কাজ করার সময় আপনাকে অবশ্যই সিঙ্গাপুরের আইন মানতে হবে। অন্যথায়, আপনি শাস্তি ভোগ করবেন। আপনার ওয়ার্ক পারমিট বাতিল করা হবে এবং আপনাকে ভবিষ্যতে সিঙ্গাপুরে প্রবেশ করতে দেওয়া হবে না।**

| অপরাধসমূহ | জরিমানা |
|---|---|
| যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলা | $2,000 পর্যন্ত জরিমানা এবং পুনরাবৃত্তি ঘটানো অপরাধীদের জন্য বর্ধিত জরিমানা। |
| পানির অপব্যয় | - 3 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা $50,000 পর্যন্ত জরিমানা অথবা উভয়ই।<br>- ক্রমাগত অপরাধের ক্ষেত্রে প্রতি দিন বা অংশের জন্য $1,000 ডলার |
| পাবলিক প্লেসে মূত্রত্যাগ | $1,000 পর্যন্ত জরিমানা এবং পুনরাবৃত্তি ঘটানো অপরাধীদের জন্য বর্ধিত জরিমানা। |
| নির্ধারিত স্থান ছাড়া রাস্তা পারাপার | 3 মাস পর্যন্ত কারাদণ্ড অথবা $1,000 পর্যন্ত জরিমানা অথবা উভয়ই এবং পুনরাবৃত্তি ঘটানো অপরাধীদের জন্য বর্ধিত জরিমানা। |
| জনসম্মুখে মাতাল হওয়া | - 1 মাস পর্যন্ত কারাদণ্ড অথবা $1,000 পর্যন্ত জরিমানা।<br>- মদ্যপানীয় নিয়ন্ত্রণ জোনের মধ্যে সনাক্ত হওয়া অপরাধীদের জন্য অনধিক 1.5 গুণ একটি বর্ধিত জরিমানা প্রযোজ্য হবে। |
| পাবলিক প্লেসে বেআইনীভাবে মদ খাওয়া | - অনধিক $1,000 জরিমানা।<br>- মদ্যপানীয় নিয়ন্ত্রণ জোনের মধ্যে সনাক্ত হওয়া অপরাধীদের জন্য অনধিক 1.5 গুণ একটি বর্ধিত জরিমানা প্রযোজ্য হবে। |
| মিথ্যা পুলিশ রিপোর্ট করা | 6 মাস পর্যন্ত কারাদণ্ড অথবা $5,000 পর্যন্ত জরিমানা অথবা উভয়ই। |
| চৌর্যবৃত্তি (চুরি বা শপলিফটিং করা) | সাধারণ চুরির জন্য 3 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা জরিমানা অথবা উভয়ই। |

| | |
|---|---|
| বেআইনিভাবে অন্যের ঘরে প্রবেশ করা | - 10 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা জরিমানা অথবা উভয়ই।<br>- রাতের বেলা বেআইনিভাবে অন্যের ঘরে প্রবেশ করে থাকলে 14 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা জরিমানা অথবা উভয়ই । |
| বেআইনি সিগারেট ক্রয় বা বিক্রয় করা | - ফাঁকি দেওয়া শুল্কের পরিমাণের চেয়ে 40 গুণ পর্যন্ত জরিমানা এবং/অথবা 6 বছর পর্যন্ত কারাদণ্ড।<br>- প্রথমবার এবং পুনরাবৃত্তি ঘটানো অপরাধীদের জন্য ন্যূনতম আদালত জরিমানা যথাক্রমে $2,000 এবং $4,000 ডলার। |
| অতিরিক্ত সময় থাকা | - অতিরিক্ত 90 দিন বা তার কম থাকার জন্য 6 মাস পর্যন্ত কারাদণ্ড অথবা $4,000 পর্যন্ত জরিমানা অথবা উভয়ই।<br>- 90 দিনের বেশি অতিরিক্ত থাকার জন্য বেত দিয়ে কমপক্ষে 3টি আঘাত (বা বেত দিয়ে প্রহারের জন্য যোগ্য না হলে $6,000 জরিমানা) এবং/অথবা 6 মাস পর্যন্ত কারাদণ্ড। |
| দণ্ডনীয় ভীতি-প্রদর্শন | - 2 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা জরিমানা অথবা উভয়ই।<br>- যদি মৃত্যু বা গুরুতর আঘাত ঘটানো অথবা আগুন লাগিয়ে সম্পদ বিনষ্ট করার হুমকি দেওয়া হয়ে থাকে, তবে 7 বছর বা তারও বেশি সময়ের জন্য কারাদণ্ড অথবা জরিমানা, অথবা উভয়ই। |
| আঘাত করা | - 2 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা $5,000 পর্যন্ত জরিমানা অথবা উভয়ই।<br>- যদি আঘাত গুরুতর হয়ে থাকে, তবে 10 বছর পর্যন্ত কারাদণ্ড এবং জরিমানা অথবা বেত দিয়ে প্রহার। |
| বেআইনি সমাবেশ বা মিছিল | 2 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা জরিমানা অথবা উভয়ই। |
| দাঙ্গা-হাঙ্গামা | - দাঙ্গা-হাঙ্গামার জন্য বেত দিয়ে প্রহার এবং 7 বছর পর্যন্ত কারাদণ্ড।<br>- যদি অস্ত্র ব্যবহার করা হয়ে থাকে, তাহলে বেত দিয়ে প্রহার এবং সর্বোচ্চ 10 বছরের জেল। |
| শালীনতার চূড়ান্ত অবমাননা | - 2 বছর পর্যন্ত কারাদণ্ড, জরিমানা, বেত দিয়ে প্রহার অথবা যেকোনো সংমিশ্রণ।<br>- অপরাধের শিকার ব্যক্তির বয়স যদি 14 বছরের কম হয়, তাহলে বেত দিয়ে প্রহার, জরিমানা এবং/অথবা 5 বছর পর্যন্ত কারাদণ্ড। |

| | |
|---|---|
| ডাকাতি | - 2 থেকে 10 বছরের জেল এবং বেত দিয়ে কমপক্ষে 6 টি আঘাত।<br>- যদি রাতের বেলা ডাকাতি করা হয়, তাহলে 3 থেকে 14 বছরের জেল এবং বেত দিয়ে কমপক্ষে 12টি আঘাত। |
| মাদক চোরাচালান এবং গ্রহণ | - 30 বছর পর্যন্ত কারাদণ্ড এবং বেত দিয়ে 15টি আঘাত অথবা মাদক চোরাচালানের জন্য এমনকি মৃত্যুদণ্ডও হতে পারে।<br>- মাদক গ্রহণ বা রাখার জন্য 10 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা $20,000 পর্যন্ত জরিমানা অথবা উভয়ই। |
| খুন | - বাধ্যতামূলক মৃত্যুদণ্ড (মৃত্যু ঘটানোর উদ্দেশ্যে সংঘটিত খুনের জন্য)।<br>- মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড (অন্যান্য ধরনের খুনের জন্য)। |

## সিঙ্গাপুরে গণ আদেশ

অবৈধ সমাবেশ বা মিছিল পরিচালনা করা বা তাতে অংশ নেওয়া একটি অপরাধ। অর্থাৎ কোনো ব্যক্তি, গোষ্ঠী বা কোনো সরকারের মতামত বা ক্রিয়াকলাপের প্রতি সমর্থন বা বিরোধিতা প্রদর্শন করার উদ্দেশ্যে পাবলিক প্লেসে আপনাদের দল বেঁধে জড়ো হওয়া উচিত হবে না। আপনি যদি ধরা পড়েন, তবে আপনার ওয়ার্ক পারমিট বাতিল হয়ে যাবে।

## ঘুষ দেওয়া নেওয়া

সিঙ্গাপুর ঘুষের প্রতি জিরো-টলারেন্স দৃষ্টিভঙ্গি পোষণ করে। উপকারের বিনিময়ে ঘুষ একটি গুরুতর অপরাধ এবং দুর্নীতিগ্রস্ত চর্চা তদন্ত ব্যুরো (CPIB) এই জাতীয় কার্যকলাপে জড়িত কোনো পক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নিতে দ্বিধা করবে না। ঘুষ বিভিন্ন রূপ ধারণ করতে পারে, যেমন:




অর্থ




ঋণ



উপহার



প্রতিশ্রুতি



যৌন সুবিধা

ঘুষ দেওয়া বা নেওয়ার চেষ্টা করা একটি অপরাধ।

## ঘুষের শাস্তি

5 বছর পর্যন্ত কারাদণ্ড অথবা $100,000 পর্যন্ত জরিমানা অথবা উভয়ই। আপনার ওয়ার্ক পারমিট বাতিল করা হতে পারে এবং আপনাকে ভবিষ্যতে সিঙ্গাপুরে প্রবেশ করতে দেওয়া হবে না।

## ঘুষ রিপোর্ট করা

ঘুষ দেওয়া বা নেওয়ার উদ্দেশ্যে যদি আপনার সাথে যোগাযোগ করা হয়, তবে আপনি নিম্নলিখিত চ্যানেলগুলোর মাধ্যমে বিষয়টি CPIB-তে রিপোর্ট করতে পারেন:

1) 2 Lengkok Bahru, Singapore 159047 ঠিকানায় অবস্থিত CPIB-তে অথবা 247 Whitley Road, Singapore 297830 ঠিকানায় অবস্থিত করাপশন রিপোর্টিং অ্যান্ড হেরিটেজ সেন্টারে সশরীরে উপস্থিত হন
2) 1800-376-0000 এ 24-ঘন্টা ব্যাপী হটলাইনে ফোন করুন
3) ই মেইল report@cpib.gov.sg

## SGSecure: সতর্ক থাকুন। ঐক্যবদ্ধ থাকুন। শক্ত থাকুন।

সন্ত্রাসবাদের প্রতি কোনো প্রকার সমর্থন সরকার সহ্য করবে না। সন্ত্রাসবাদের সমর্থনে যে কোনো তৎপরতায় লিপ্ত জাতীয়তা নির্বিশেষে যে কোনো ব্যক্তির বিরুদ্ধে আমরা দৃঢ় ও নিষ্পত্তিমূলক ব্যবস্থা নেব।

যদি আপনি এমন কোনো ব্যক্তি দেখেন যে সন্ত্রাসবাদ-সংশ্লিষ্ট তৎপরতার পক্ষে সমর্থন দেখায় বা তাতে অংশগ্রহণ করে, তবে 1800-255-0000 নম্বরে পুলিশকে অবহিত করুন।

সন্দেহজনক আচরণ এবং আপনার ডর্মেটরি ও কর্মক্ষেত্রগুলোতে বর্জিত বা পরিত্যক্ত দ্রব্য যা স্থানচ্যুত বলে মনে হয় সে সম্পর্কে সজাগ থাকুন।

সংকটকালীন সময়ে গুরুত্বপূর্ণ সতর্কবার্তা পেতে QR কোডটি স্ক্যান করে **SGSecure অ্যাপটি** ডাউনলোড করে নিন। এর মাধ্যমে আপনি কোনো ঘটনা রিপোর্ট করতে এবং কর্তৃপক্ষের কাছ থেকে দরকারী তথ্যও ডাউনলোড করতে পারবেন।

Download on the App Store

GET IT ON Google Play

# আর্থিক বিষয়াদি

## ভালো আর্থিক অভ্যাস

মনে রাখবেন আপনি কেন কাজ করতে সিঙ্গাপুরে এসেছেন। বাড়িতে আপনার পরিবারকে পাঠানোর জন্য অর্থ উপার্জন করতে। আপনার অর্থ ব্যবস্থাপনা করা গুরুত্বপূর্ণ যাতে আপনার ব্যয় ও সঞ্চয় করার মত যথেষ্ট পরিমাণ থাকে।

1. **কীভাবে বাজেট করবেন তা শিখুন** - বাজেট করার অর্থ আপনার অর্থ দিয়ে কী করবেন তা পরিকল্পনা করা। আপনার প্রয়োজনীয়তাগুলো কী তা বুঝুন, যেমন: আপনার পরিবারের স্বাস্থ্যসেবা বা শিক্ষার খরচ, তারপরে কতটা সঞ্চয় করবেন তার পরিকল্পনা করুন। আপনার অপরিহার্য জিনিসগুলোর জন্য টাকা আলাদা করে রাখা উচিত।

2. **আপনার সঞ্চয় বাড়ান** - প্রতি মাসে কিছু টাকা আলাদা করে রাখুন এবং আপনার ব্যাংক অ্যাকাউন্টে জমা করুন। এই টাকা দিয়ে আপনি দেশে কী করতে পারবেন তার পরিকল্পনা করুন, যেমন: নতুন একটি বাড়ি তৈরি, একটি ব্যবসা শুরু করা।

3. **অপ্রয়োজনীয় ব্যয় কমান** - কোনো পণ্য কেনার আগে নিজেকে জিজ্ঞাসা করুন আপনার আসলেই এটি প্রয়োজন কিনা।



## নিরাপদে দেশে অর্থ প্রেরণ করুন

- **স্বয়ংক্রিয় রেমিটেন্স কিয়স্ক**
  আপনার ডর্মেটিরি বা বিনোদন কেন্দ্রে অবস্থিত অনুমোদিত রেমিট্যান্স কিয়স্ক ব্যবহার করুন। হাওয়ালা বা হুন্ডি দালালদের মতো লাইসেন্সবিহীন রেমিট্যান্স এজেন্টরা আপনার অর্থ নিয়ে পালাতে পারে।

- **অনলাইন রেমিট্যান্স ওয়েবসাইট এবং মোবাইল অ্যাপ**
  শুধুমাত্র লাইসেন্সধারী অনলাইন রেমিট্যান্স পরিষেবা ও মোবাইল অ্যাপ ব্যবহার করুন। কখনো হোয়াটসঅ্যাপ বা কোনো ইনস্ট্যান্ট মেসেজিং প্ল্যাটফর্ম ব্যবহার করে অর্থ পাঠাবেন না। রেমিট্যান্স কোম্পানির লাইসেন্স আছে কি না তা মনেটারি অথোরিটি অব সিঙ্গাপুরের ওয়েবসাইট https://eservices.mas.gov.sg/fid-এ অনুসন্ধান করে দেখুন।

- **সহায়তার জন্য আপনার নিয়োগকর্তার কাছে সাহায্য চান**
  আপনি যদি নিজে দেশে টাকা পাঠাতে না পারেন, তবে আপনার নিয়োগকর্তাকে সহায়তার জন্য বলুন। আপনার নিয়োগকর্তা অবশ্যই আপনাকে রেমিটেন্সের সফল লেনদেনের প্রমাণ দেখাবেন।

  জনসমাগমস্থলে বেশি পরিমাণ নগদ অর্থ বহন করা নিরাপদ নয়।

  লাইসেন্সবিহীন রেমিটেন্স এজেন্টদের সাথে সম্পৃক্ত হবেন না, যেমন হাওয়ালা বা হুন্ডি ব্রোকার, কারণ তারা আপনার টাকা নিয়ে পালিয়ে যেতে পারে।

  লাইসেন্সবিহীন রেমিট্যান্স ব্যবসা পরিচালনা করা বা তার সাথে যুক্ত থাকা অবৈধ। এতে অংশ নিতে গিয়ে ধরা পড়লে আপনাকে $100,000 পর্যন্ত জরিমানা করা হবে বা 2 বছর পর্যন্ত কারাদণ্ড দেওয়া হবে বা উভয় দণ্ডে দণ্ডিত করা হবে। আপনার ওয়ার্ক পারমিট বাতিল হয়ে যাবে।

**সহায়তা নিন**
আপনি যদি আর্থিক সমস্যার মুখোমুখি হন, তবে কী করা যায় তা নিয়ে আলোচনা করার জন্য আপনার নিয়োগকর্তার কাছে যান। পরামর্শের জন্য আপনি 6536 2692 নম্বরে অভিবাসী শ্রমিক কেন্দ্রে (MWC) যোগাযোগ করতে পারেন।

## লাইসেন্সবিহীন মানিলেন্ডার

লাইসেন্সবিহীন মানিলেন্ডারদের কাছ থেকে ধার নেবেন না এবং মানিলেন্ডারদের রানার বা দালাল হিসেবে কাজ করবেন না। আপনার বন্ধুদের ঋণ দেওয়ার কাজে কোনো সুযোগ-সুবিধার বিনিময়ে কোনো মানিলেন্ডারকে সাহায্য করবেন না। যদি করেন, তবে আপনার ওয়ার্ক পারমিট বাতিল করা হবে এবং আপনাকে আর সিঙ্গাপুরে কাজ করতে দেওয়া হবে না।

*লাইসেন্সবিহীন মানিলেন্ডারদের শনাক্ত করতে শিখুন*
- তাদের কোনো দোকান নেই।
- তাদের কাছ থেকে ঋণ নেওয়ার জন্য তারা আপনাকে SMS/ফেসবুকের মাধ্যমে বার্তা প্রেরণ করে বা ফোন করে




*লাইসেন্সবিহীন মানিলেন্ডারদের উপেক্ষা করুন*
- 'ফ্রি মানি' বা 'বিনাসুদে ঋণ'-এর অফার বিশ্বাস করবেন না। এই বার্তাগুলো উপেক্ষা করুন এবং অবিলম্বে সকল বার্তা মুছে ফেলুন।

- এই বার্তাগুলোর জবাব দিবেন না। আপনি কোনোভাবে সাড়া দিলেই (আপনার নাম, ফোন নম্বর, ঠিকানা, ব্যাংক অ্যাকাউন্ট ইত্যাদি দিলে) লাইসেন্সবিহীন মানিলেন্ডাররা বলতে পারে যে আপনি ঋণ নিয়েছেন।
- যদি তারা আবার আপনার সাথে যোগাযোগ করে, তবে অনুগ্রহ করে '999' বা 1800 255 0000 নম্বরে পুলিশকে ফোন করুন বা আপনার নিয়োগকর্তাকে বলুন।
- ঋণ নেওয়ার জন্য আপনার ওয়ার্ক পারমিট আপনার বন্ধুদের কাছে ধার দেবেন না।

## জরিমানা

লাইসেন্সবিহীন মানিলেন্ডারদের ব্যবসায় সহায়তা করার জন্য:

- $30,000 থেকে $300,000-এর মধ্যে জরিমানা
- 4 বছর পর্যন্ত কারাদণ্ড
- বেত দিয়ে সর্বোচ্চ 6টি আঘাত

যদি জানা যায় যে আপনি লাইসেন্সবিহীন মানিলেন্ডারদের কাছ থেকে ঋণ নিয়েছেন, তবে MOM আপনার নিয়োগকর্তাকে অবহিত করবে এবং আপনার ওয়ার্ক পারমিট বাতিল করা হবে। আপনাকে দেশে ফেরত পাঠানো হবে এবং আপনাকে আর সিঙ্গাপুরে কাজ করতে দেওয়া হবে না।

## লাইসেন্সপ্রাপ্ত মানিলেন্ডার

আপনি যদি কোনো লাইসেন্সধারী মানিলেন্ডারের কাছ থেকে ঋণ নেওয়ার সিদ্ধান্ত নেন, তবে নিম্নলিখিত বিষয়গুলোর খেয়াল রাখবেন:

- আপনি যে পরিমাণ ধার নিয়েছিলেন, উচ্চ সুদের কারণে পরিশোধযোগ্য ঋণের পরিমাণ তার চেয়ে অনেক বেশি বেড়ে যেতে পারে। উদাহরণস্বরূপ, যদি আপনি $500 ধার নেন, তবে আপনার মানিলেন্ডারকে $1,000 ফেরত দিতে হবে।




- ঋণ পরিশোধ করতে দেরি হলে আপনাকে একটি অগ্রিম প্রশাসনিক ফি এবং লেট ফি প্রদান করতে হতে পারে।
- নিশ্চিত হয়ে নিন যে প্রদেয় ফি এবং সুদ আপনার নিকট সুস্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে।

### ঋণের সীমা

সিঙ্গাপুরে ঋণগ্রহীতাদের সুরক্ষার জন্য আইন রয়েছে। ঋণের সীমার অর্থ হল আপনি কত উপার্জন করেন তার উপর ভিত্তি করে সকল লাইসেন্সধারী মানিলেন্ডারদের কাছ থেকে সব মিলিয়ে আপনি শুধুমাত্র সেই পরিমাণটিই ধার নিতে পারবেন।

| আপনি যদি উপার্জন করেন | আপনি ধার করতে পারেন |
|---|---|
| বছরে $10,000-এর কম | $500 পর্যন্ত |
| বছরে $10,000 ও তার উপরে কিন্তু $20,000-এর নিচে | $3,000 পর্যন্ত |

## স্ব-বর্জন কাঠামো


আপনি অনলাইনে আবেদন জমা দিয়ে স্ব-বর্জনের জন্য আবেদন করতে পারেন, যাতে লাইসেন্সধারী মানিলেন্ডারদের আপনাকে ঋণ দেওয়ার অনুমতি না দেওয়া হয়। এর ফলে আপনি টাকা ধার নিয়ে ঋণে পড়বেন না।

স্ব-বর্জন স্বতঃপ্রবৃত্ত এবং কমপক্ষে 2 বছরের জন্য ঋণ না নেওয়ার প্রতিশ্রুতি

আপনার পক্ষ থেকে www.mlcb.com.sg -তে আবেদন করার জন্য আপনার নিয়োগকর্তা বা কর্মসংস্থান সংস্থাকে অনুরোধ করতে পারেন

## জামিনদারের ভূমিকা নিতে যাবেন না

যদি আপনার বন্ধু কোনো লাইসেন্সধারী মানিলেন্ডার থেকে ঋণ নেয়, তবে আপনাকে আপনার বন্ধুর জামিনদারের ভূমিকা নিতে দেওয়া হবে না।



# গুরুত্বপূর্ণ টেলিফোন নম্বরসমূহ

**আপনার যদি যেকোনো সময় সাহায্যের প্রয়োজন হয়, তবে সহায়তার জন্য নীচের নম্বরগুলোতে ফোন করতে পারেন:**

| গুরুত্বপূর্ণ টেলিফোন নম্বরসমূহ | |
|---|---|
| পুলিশ | 999 |
| দমকল বাহিনী/অ্যাম্বুলেন্স পরিষেবা | 995 |
| **মিনিস্ট্রি অফ ম্যানপাওয়ার** | |
| অভিবাসী কর্মীদের কর্মসংস্থান, বেতন এবং কল্যাণ সম্পর্কিত বিষয়সমূহ | 6438 5122 |
| **কর্মক্ষেত্র নিরাপত্তা এবং স্বাস্থ্য পরিষদ** | |
| কর্মক্ষেত্রে সুরক্ষার সাথে সম্পর্কিত বিষয়সমূহ | 6317 1111 |
| **বেসরকারী সংস্থা** | |
| MWC (অভিবাসী শ্রমিক কেন্দ্র)<br>- কর্মসংস্থান বা যখন আপনার সহায়তার প্রয়োজন হয় তার সাথে সম্পর্কিত বিষয়সমূহ | 6536 2692<br>(24-ঘন্টা ব্যাপী হেল্পলাইন) |
| SOS (সামারিটানস অফ সিঙ্গাপুর)<br>- ব্যক্তিগত সমস্যাগুলোর জন্য সহায়তা, বিষণ্নতার জন্য পরামর্শ ইত্যাদি। | 1800 2214 444<br>(24-ঘন্টা ব্যাপী হেল্পলাইন) |
| HealthServe<br>- চিকিৎসা সেবা, কাউন্সেলিং, সামাজিক সহায়তার জন্য সাহায্য | 3138 4443<br>(24-ঘন্টা ব্যাপী হেল্পলাইন) |
| **দূতাবাস / হাই কমিশন** | |
| গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের হাই কমিশন | 6255 0075 |
| গণপ্রজাতন্ত্রী চীনের দূতাবাস | 6412 1900 |
| ভারতের হাই কমিশন | 6238 2537 |
| ইন্দোনেশিয়া প্রজাতন্ত্রের দূতাবাস | 6737 7422 |
| মালেশিয়ার হাই কমিশন | 6235 0111 |
| মিয়ানমার ইউনিয়নের দূতাবাস | 6735 1672 |
| ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের হাই কমিশন | 6737 6988 |

| | |
|---|---|
| **ফিলিপাইন প্রজাতন্ত্রের দূতাবাস** | 6737 3977 |
| **গণতান্ত্রিক সমাজতান্ত্রিক প্রজাতন্ত্র শ্রীলঙ্কার হাই কমিশন** | 6254 6773 |
| **রয়েল থাই দূতাবাস** | 6224 1797 |

আপনি যখন চাপ অনুভব করবেন তখন সাহায্য চাইতে দ্বিধা করবেন না। আপনার মানসিক অবস্থা যদি ভালো না হয় বা বাসায় কোনো সমস্যা থাকে, তবে কারো সাথে কথা বলুন। কার সাথে যোগাযোগ করতে হবে তা যদি আপনি না জানেন, তবে আপনি যখন উপরের টেলিফোন নম্বরগুলোতে কল করেন তখন সহায়তা চাইতে পারেন। মনে রাখবেন, আপনার সমস্যাগুলো সমাধান করতে সবসময়ই কেউ না কেউ থাকবেন।

## সাহায্যের জন্য MOM অথবা TADM-এর সাথে যোগাযোগ করুন

আপনি যদি কর্মসংস্থান সমস্যার মুখোমুখি হন, তবে সহায়তার জন্য **6438 5122** নম্বরে MOM-এর সাথে যোগাযোগ করতে পারেন।

আপনার বেতন-সংক্রান্ত সমস্যা থাকলে সহায়তার জন্য TADM-এর সাথে যোগাযোগ করতে পারেন। TADM-এর অবস্থান MOM Services Centre Level 3, 1500 Bendemeer Road, Singapore 339946 ঠিকানায়

আপনার নিয়োগকর্তা যদি আপনার কোনো বেতন, দাবি বা ঘটনাগুলো নিষ্পত্তি না করেই জোরপূর্বক আপনাকে দেশে পাঠানোর চেষ্টা করেন, তবে সহায়তার জন্য আপনি বিমানবন্দরের অভিবাসন কাউন্টারগুলোতে যোগাযোগ করতে পারেন। MOM আপনাকে সহায়তা করবে।

# COVID-19 এর তথ্য

## নিরাপদ দূরত্ব বজায় রাখার ব্যবস্থা গ্রহণ

আপনাকে সংক্রামক রোগের সংক্রমণ থেকে সুরক্ষিত রাখতে আপনার ডরমিটরিতে ও কর্মক্ষেত্রে নিরাপদ দূরত্ব বজায় রাখার ব্যবস্থা গ্রহণ করুন।

- মাস্ক পরিধান করুন।
- অন্য লোকজনের কাছ থেকে 1 মিটার দূরত্ব বজায় রাখুন
- ভিড় এড়িয়ে চলুন।

## পর্যায়ক্রমিকভাবে নিয়মিত পরীক্ষা করা

পর্যায়ক্রমিকভাবে নিয়মিত পরীক্ষায় (RRT) প্রতি 14 দিনে সোয়াব পরীক্ষা করতে হবে। আপনাকে RRT-তে উপস্থিত হতে হবে, যদি আপনি:

- নির্মাণ, জাহাজ ও প্রক্রিয়াকরণ খাতগুলোতে কাজ করেন;
- অথবা অন্য কোনো খাতে কাজ করেন, কিন্তু নির্মাণ, সমুদ্র ও প্রক্রিয়াকরণ কর্মক্ষেত্রে কাজ করেন;
- অথবা কোনো ডর্মিটরিতে বাস করেন।

আপনাকে যদি উপস্থিত হতে হয়, তবে আপনার জন্য একটি RRT অ্যাপয়েন্টমেন্টের জন্য সাক্ষাৎসূচী পেতে আপনাকে অবশ্যই আপনার নিয়োগকর্তার সাথে কাজ করতে হবে। আপনার ও আশেপাশের লোকজনের নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিত করার জন্য RRT গুরুত্বপূর্ণ। আপনি যদি RRT-তে উপস্থিত না হন, তবে AccessCode লাল হয়ে যাবে এবং কাজ করতে যাওয়ার অনুমতি দেওয়া হবে না।

## নির্গমনের পাস

আপনি যদি ডর্মিটরিতে থাকেন, তবে বিশ্রাম বা ব্যক্তিগত উদ্দেশ্যে, আপনাকে SGWorkPass অ্যাপের (পৃষ্ঠা 20 দেখুন) মাধ্যমে বিশ্রামের দিন শুরু হওয়ার 7 দিন পূর্বে ডরমিটরি নির্গমন পাসের জন্য আবেদন করতে হবে। আপনাকে **TraceTogether** অ্যাপটিও ইনস্টল করতে হবে।

Download on the App Store

GET IT ON Google Play

আপনার অনুমোদিত নির্গমন পাস দ্বারা, আপনি নির্ধারিত সময়ে আপনার বিশ্রামের দিনে আপনার ডরমিটরির জন্য নির্ধারিত বিনোদন কেন্দ্রে নিয়োগকর্তা কর্তৃক বন্দোবস্ত করা যাতায়াত ব্যবস্থা ব্যবহার করতে পারেন।

আপনি যখন বিনোদন কেন্দ্রে পৌঁছে যাবেন, তখন SafeEntry-এর মাধ্যমে চেক ইন করুন। সর্বদা মাস্ক পরিধান করতে ভুলবেন না। অন্যদের কাছ থেকে 1 মিটার দূরত্ব বজায় রাখুন এবং ভিড়ের মধ্যে যাবেন না।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে pass.gowhere.gov.sg-এ যান।

HDB ফ্ল্যাট বা ব্যক্তিগত আবাসিক স্থাপনায় বাস করা লোকজনের জন্য এটি প্রযোজ্য নয়।

কন্টাক্ট ট্রেসিং-এর উদ্দেশ্যে আপনাকে সর্বদা আপনার কন্টাক্ট ট্রেসিং টোকেনও পরিধান করতে হবে (অর্থাৎ BluePass বা TraceTogether টোকেন / মোবাইল অ্যাপ)।

## অ্যাক্সেসকোড



কাজ করতে বাইরে যাওয়ার জন্য আপনার অনুমতি আছে কি না তা SGWorkPass মোবাইল পাস অ্যাপে আপনার AccessCode দেখাবে।

আপনার AccessCode যদি নীল রঙের হয়, শুধুমাত্র তখনই আপনি আপনার বাসস্থান ছেড়ে যেতে পারবেন।

আপনার AccessCode লাল রঙের হলে আপনার বাসস্থান ছেড়ে যাবেন না বা কাজে যাবেন না।

**গুরুত্বপূর্ণ**

আপনার AccessCode লাল রঙের হলে কাজে যাবেন না

| নীল AccessCode: **কাজ করতে বাইরে যেতে পারবেন** | লাল AccessCode: **কাজ করতে বাইরে যেতে পারবেন না** |
|---|---|
|  |  |





লাল AccessCode থাকার পরও কোনো কর্মী তাদের বাসস্থানের বাইরে গেলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## FWMOMCare

বিস্তারিত পরীক্ষা করতে আপনি FWMOMCare অ্যাপটিও ব্যবহার করতে পারেন, যেমন সোয়াব পরীক্ষার ফলাফল, সোয়াব পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট। কিভাবে অ্যাপটি ব্যবহার করতে হবে সে বিষয়ক একটি ধারাবাহিক ব্যবহারকারী নির্দেশিকার জন্য https://mom.gov.sg/eservices/fwmomcare ভিজিট করুন।